বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ
(বিশেষ মূল অধিক্ষেত্র)

**রীট পিটিশন নং ১৩৭৬০/২০১৮**

সাভার থানা অসহায় পরিবার পুনর্বাসন বহুমুখী সমবায় সমিতি লিঃ

....দরখাস্তকারী।

-বনাম-

বিজ্ঞ জজ, অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আপিলাত ট্রাইব্যুনাল, ঢাকা ও অন্যান্য

..... প্রতিপক্ষগণ

এ্যাডভোকেট হাবিব-উন-নবী সংগে

এ্যাডভোকেট আশিকুর রহমান

এ্যাডভোকেট মুরাদ মিয়া

এ্যাডভোকেট শফিকুল আলম

.....দরখাস্তকারী পক্ষে

এ্যাডভোকেট মোঃ মনিরুজ্জামান

-----প্রতিবাদী পক্ষ নং ২

এ্যাডভোকেট ওয়ায়েস আল হারুনী, ডি,এ,জি সংগে

এ্যাডভোকেট ইলিন ইমন সাহা, সহকারী এটর্নী জেনারেল

এ্যাডভোকেট শায়রা ফিরোজ, সহকারী এটর্নী জেনারেল

এ্যাডভোকেট মাহফুজুর রহমান লিখন, সহকারী এটর্নী জেনারেল

---------রাষ্ট্রপক্ষে

উপস্থিতঃ

বিচারপতি মোঃ আশরাফুল কামাল

এবং

বিচারপতি রাজিক-আল-জলিল

**শুনানীর তারিখঃ ২৬.১১.২০১৯, ০৩.১২.২০১৯, ০৪.১২.২০১৯, ০৩.০২.২০১৯ এবং রায় প্রদানের তারিখঃ ০৪.০২.২০২০।**

**বিচারপতি মোঃ আশরাফুল কামালঃ**

*গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৪৩ মোতাবেক বাংলাদেশে অবস্থিত প্রকৃত মালিক বিহীন যে কোন সম্পত্তি আইনসংগতভাবে প্রজাতন্ত্রের উপর ন্যাস্ত।*

*সংবিধানের অনুচ্ছেদ ২১(১) মোতাবেক জাতীয় সম্পত্তি রক্ষা করা প্রত্যেক নাগরিকের কর্তব্য। সংবিধানের অনুচ্ছেদ ২১(২) মোতাবেক জাতীয় সম্পত্তি রক্ষা করা প্রজাতন্ত্রে কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির অবশ্য কর্তব্য।*

সংবিধানের অনুচ্ছেদ ২১(১) মোতাবেক জাতীয় সম্পত্তি রক্ষা করা প্রত্যেক নাগরিকের কর্তব্য। এরূপ সাংবিধানিক দায়বদ্ধতা থেকে দরখাস্তকারী জাতীয় সম্পত্তি রক্ষার নিমিত্ত সংবিধানের অনুচ্ছেদ ১০২(২) (অ) (আ) মোতাবেক রীট পিটিশন দাখিলের প্রেক্ষিতে অত্র বিভাগ কর্তৃক যে রুল ইস্যু করা হয়েছিল তা অবিকল নিম্নে অনুলিখন হলোঃ-

> *" Let a Rule Nisi be issued calling upon the respondents to show cause as to why the Judgment and decree dated 02.11.2017 (decree signed on 09.11.2017) (Annexure-E) passed by the learned Arpita Sampatty Protyarpan Appellate Tribunal and the Court of learned District Judge, Dhaka inArpita Sampatty Protarpan Appeal No. 20 of 2017 disallowing the appeal and thereby affirming the judgment and decree dated 25.10.2016 (decree signed on 30.10.2016) (Annexure-D) passed by the learned Arpita Sampatti Pratyarpan Tribunal and the learned Senior Assistant Judge, Savar Court, Dhaka in Arpita Sampatti Pratyarpan Suit No. 479 of 2012 decreeing the suit should not be declared to have been passed without lawful authority and is of no legal effect"*

অত্র রুলটি নিস্পত্তির নিমিত্তে ঘটনার সংক্ষিপ্ত বিবরণ এই যে,

রীট পিটিশনার ***"সাভার থানা অসহায় পরিবার পুনর্বাসন বহুমুখী সমবায় সমিতি লিঃ"*** ঢাকা সমবায় সমিতি আইন অনুযায়ী নিবন্ধিত একটি সমবায় সমিতি। নালিশী ১৫.৭৪ একর সম্পত্তির মূল মালিক ১৯৬৫ সালের ভারত-পাকিস্তান যুদ্ধের সময় ভারতে চলে যায়। ফলশ্রুতিতে, নালিশী সম্পত্তি সেনসাস লিষ্ট অনুযায়ী শত্রু সম্পত্তি হিসাবে তালিকাভুক্ত হয়। পরবর্তীতে নালিশা সম্পত্তিকে অর্পিত সম্পতি তথা Vested property তালিকাভুক্ত করা হয়।

**অতঃপর দীর্ঘ ৪৭ বছর পর,** বিগত ইংরেজী ২০১২ সালে অত্র ২ এবং ৩নং প্রতিপক্ষ ঢাকা জেলার সাভার থানাধীন গ্যান্ধারীয়া মৌজার খতিয়ান নং সিএস-১, এস এ-২, আর এস -২২৬ এর ১৫৫৬

শতাংশ অর্পিত সম্পত্তি তথা- (১) সি এস এবং এস এ প্লট নং ৩০, আর এস প্লট নং ৩১২ এর ১৫০২ শতাংশ থেকে ১৩৮৪ শতাংশ ভূমি যাহার চৌহদ্দী উত্তরে সিদ্দিক এবং কাহিম,দক্ষিনে নবু মিয়া, পূর্বে লাল মিয়া এবং কোরবান আলী, পশ্চিমে আনিন চৌধুরী; (২) সি এস এবং এস এ প্লট নং ৩০, আর এস প্লট নং ৩১৩ এর ১৫০২ শতাংশ থেকে ১০০ শতাংশ যাহার চৌহদ্দী উত্তরে রুস্তম আলী, দক্ষিণে হাজী ইমান আলী, পূর্বে সোবহান মোল্লা এবং রমজান আলী পশ্চিমে মনচুর আলী এবং হাজী ইমান আলী; (৩) সি এস এবং এস এ প্লট নং ৭২, আর এস প্লট নং ৪৮, ১৬ শতাংশ ভূমি যার **চৌহদ্দী নাই;** (৪) সি এস এবং এস এ প্লট নং ৭৮, আর এস প্লট নং ৪৪, ভূমি ৫৬ শতাংশ যার **চৌহদ্দী নাই;** একুনে ১৫৫৬ শতাংশ সম্পত্তির মালিকানা দাবী করে এবং প্রকাশিত গেজেটে ‘ক’ তফসিলভুক্ত অর্পিত সম্পত্তির তালিকা হতে অবমুক্তির জন্য তাদের আবেদন অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ ট্রাইব্যুনাল, ঢাকায় দাখিল করলে তা অর্পিত সম্পত্তি মোকদ্দমা নং ৪৭৯/২০১২ হিসেবে নিবন্ধিত হয়। দরখাস্তকারীর বর্ণনা মতে অত্র ২ ও ৩ নং প্রতিপক্ষ বিগত ইংরেজী ২০১২ সালে উপরিল্লিখিত ১৫.৫৬ একর সম্পত্তির সংশ্লিষ্টতায় জাল দলিল পত্র সৃজন করে জেলা জজ ও অর্পিত সম্পত্তি প্রত্যর্পন ট্রাইব্যুনাল, ঢাকা আদালতে অত্র অর্পিত সম্পত্তি মোকদ্দমা নং-৪৭৯/২০১২ দাখিল করে।

**সিনিয়র সহকারী জজ, সাভার আদালত, ঢাকা এর** বিগত ইংরেজী ২৫/১০/২০১৬ তারিখের রায় ও ডিক্রি (ডিক্রি স্বাক্ষরের তারিখ ৩০.১০.২০১৬) দ্বারা অত্র অর্পিত মোকদ্দমা নং- ৪৭৯/২০১২ বাদীপক্ষের অনুকুলে মঞ্জুর হয় এবং উক্ত আদালত নালিশী সম্পত্তি অবমুক্তির নির্দেশ প্রদান করেন।

জেলা প্রশাসক, ঢাকা উপরিল্লিখিত রায় ও ডিক্রির বিরুদ্ধে জেলা জজ, ঢাকা আদালতে অর্পিত আপিল মোকদ্দমা নং- ২০/২০১৭ দাখিল করেন। অতঃপর **অর্পিত সম্পত্তি আপীল ট্রাইব্যুনাল এবং জেলা জজ, ঢাকা এর বিজ্ঞ বিচারক** বিগত ইংরেজী ০২.১১.২০১৭ তারিখের রায় ও ডিক্রি (ডিক্রি স্বাক্ষরের তারিখ ০৯.১১.২০১৭) মূলে অর্পিত আপীল মোকদ্দমাটি শুনানী অন্তে খারিজ করে সিনিয়র সহকারী জজ, সাভার আদালত, ঢাকা কর্তৃক প্রদত্ত বিগত ইংরেজী ২৫.১০.২০১৬ তারিখের রায় বহাল রাখেন।

দরখাস্তকারী সরকারকে অর্পিত সম্পত্তি প্রত্যার্পণ এবং আপিল উভয় মোকদ্দমায় প্রয়োজনীয় কাগজপত্র সরবরাহের মাধ্যমে সহযোগিতা করেছিলেন এবং সাক্ষী হিসেবেও উপস্থিত ছিলেন। সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণের ব্যর্থতার কারণে সরকার অর্পিত সম্পত্তি আদালতে এবং অর্পিত সম্পত্তি আপিল আদালতে মোকদ্দমাটি হেরে যায়। অতঃপর দরখাস্তকারী অত্র ৫নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, ঢাকা বরাবরে দরখাস্ত প্রদান করে উপরিল্লিখিত অর্পিত সম্পত্তি এবং আপিল মোকদ্দমার রায়ের বিরুদ্ধে রীট পিটিশন

দাখিল করে সরকারী সম্পত্তি রক্ষার অনুরোধ করেন। দরখাস্তকারীর উপরিল্লিখিত দরখাস্তের প্রেক্ষিতে ৫নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, ঢাকা সলিসিটর উইং-কে বিগত ইংরেজী ২৪.০১.২০১৮ তারিখে মতামত প্রদানের জন্য অনুরোধ করলে মন্ত্রণালয় বিগত ইংরেজী ০৩.০৪.২০১৮ তারিখে এই মর্মে অভিমত প্রদান করেন যে, *"সংশ্লিষ্ট বিষয়ে রীট পিটিশন দাখিলের কোন প্রয়োজন নেই।"* সরকারী সম্পত্তি রক্ষায় প্রতিপক্ষগণ কোনরূপ প্রচেষ্টা গ্রহণ না করে নিজেদের হাত গুটিয়ে নেয়ায় অত্র দরখাস্তকারী বাধ্য হয়ে নালিশী সরকারী সম্পত্তি রক্ষার নিমিত্তে সংবিধান প্রদত্ত দায়িত্ব অনুভব করে অত্র রীট পিটিশনটি দাখিল করে রুলটি প্রাপ্ত হন।

এ্যাডভোকেট হাবিব-উন-নবী দরখাস্তকারীপক্ষে যুক্তিতর্ক উপস্থাপন করে নিবেদন করেন যে, ২নং প্রতিপক্ষ সম্পূর্ণ জাল জালিয়াতির মাধ্যমে দলিল পত্র সৃজন করে অত্র সম্পত্তি গ্রাস করার হীনমানষে অর্পিত সম্পত্তি ট্রাইব্যুনালে অত্র মোকদ্দমা দাখিল করে। প্রকৃত পক্ষে বিরেণ চন্দ্র সাহা পোদ্দার ভারতে চলে যায় এবং তিনি কিংবা তার কোন ওয়ারিশ বাংলাদেশে আর প্রত্যাবর্তান করেন নাই।

২নং প্রতিপক্ষ যেহেতু মিথ্যা এবং জাল জালিয়াতিমূলক দলিল দস্তাবেজ আদালতে উপস্থাপনের মাধ্যমে জাল জালিয়াতির মাধ্যমে অর্পিত সম্পত্তি ট্রাইব্যুনাল এবং আপিল ট্রাইব্যুনালের রায় হাসিল করেছেন সুতরাং উপরিল্লিখিত রায় দুটি বাতিলযোগ্য।

অপরপক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট মোঃ মনিরুজ্জামান ২নং প্রতিপক্ষ পক্ষে হলফানান্তে জবাব দাখিল পূর্বক বিস্তারিত ভাবে যুক্তিতর্ক উপস্থাপন করেন। তিনি নিবেদন করেন যে, দরখাস্তকারীগণের অত্র মোকদ্দমা দায়েরের কোন এখতিয়ার নাই। অত্র ২নং প্রতিপক্ষ নালিশী সম্পত্তির মূল মালিক বিরেন চন্দ্র সাহা পোদ্দারের সন্তানহেতু অত্র সম্পত্তির আইনসম্মত মালিক। তিনি অত্র রুলটি খারিজের প্রার্থনা করেন।

আমরা অত্র রীট পিটিশন এবং এর সাথে সকল সংযুক্তি এবং নথিপত্র পর্যালোচনা করা হলো এবং উভয় পক্ষের বিজ্ঞ এ্যাডভোকেটগণের যুক্তিতর্ক শ্রবণ করা হলো।

প্রথমেই গুরুত্বপূর্ণ বিধায় অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর প্রস্তাবনা (preamble) বিশেষ গুরুত্বপূর্ণ বিধায় নিম্নে অবিকল অনুলিখন হলোঃ

> *"অর্পিত সম্পত্তি হিসাবে তালিকাভুক্ত কতিপয় সম্পত্তি বাংলাদেশী মূল মালিক বা তাহার বাংলাদেশী উত্তরাধীকারী বা উক্ত মূল মালিক বা উত্তরাধিকারীর বাংলাদেশী স্বার্থধিকারী (Successor-in-interest) এর নিকট প্রত্যর্পণ এবং আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে বিধান প্রণয়নকল্পে প্রণীত আইন।"*

অর্থাৎ অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ প্রণীত হয়েছে শুধুমাত্র অর্পিত সম্পত্তি হিসাবে তালিকাভুক্ত সম্পত্তিসমুহ এর বাংলাদেশী মুল মালিক বা তার বাংলাদেশী উত্তরাধিকারী বা উক্ত বাংলাদেশী মূল মালিক বা উত্তরাধিকারীর বাংলাদেশী স্বার্থাধিকারী (Successor in interest) এর নিকট প্রত্যর্পনের উদ্দেশ্যে।

অর্পিত সম্পত্তি সঠিক এবং যথাযথভাবে মূল মালিকদের নিকট ফেরত দেওয়ার গুরু দায়িত্ব বাংলাদেশের জনগণের শেষ ভরসাস্থল, আশ্রয়স্থল বাংলাদেশের বিচার বিভাগের উপর পবিত্র দায়িত্ব হিসেবে অর্পন করা হয়েছে যেন কোন প্রতারক এসে মূল মালিকের সম্পত্তি জাল কাগজপত্র সৃজন করে, মূল মালিকের ভূয়া ওয়ারিশ দাবি করে নিতে না পারে। সকল অর্পিত সম্পত্তিসমূহ হয় মূল মালিকের, নয়তো জনগনের।

এখন আমরা দেখব অর্পিত সম্পত্তি আইনে বর্ণিত মূল মালিক কাকে বলা হয়েছে। অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ২(ড) গুরুত্বপূর্ণ বিধায় নিম্নে অবিকল অনুলিখন হলোঃ

> *“ (ড) ‘মালিক’ অর্থ যে ব্যক্তির সম্পত্তি অর্পিত সম্পত্তি হিসাবে তালিকাভুক্ত হইয়াছে সেই মুল মালিক বা তাহার উত্তরাধিকারী, বা উক্ত মূল মালিক বা উত্তরাধিকারীর স্বার্থাধিকারী ( Successor in interest), বা তাহাদের অনুপস্থিতিতে তাহাদের উত্তরাধিকার সূত্রে এমন সহ-অংশীদার যিনি বা যাহারা ইজারা গ্রহণ দ্বারা বা অন্য কোনভাবে সম্পত্তির দখলে রহিয়াছেন (Co-sharer in possession by lease or in any form) যদি উক্ত মূল মালিক বা উত্তরাধিকারী বা স্বার্থাধিকারী (Successor in interest) বা উত্তরাধিকারীসূত্রে সহ-অংশীদার (Co-sharer in possession by lease or in any form) বাংলাদেশের নাগরিক ও স্থায়ী বাসিন্দা হন।”*

অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর উপরিল্লিখিত প্রস্তাবনা এবং ধারা ২(ড) সহজ সরল পাঠে এটি স্পষ্ট প্রতীয়মান যে, তালিকাভুক্ত অর্পিত সম্পত্তি প্রত্যর্পণের আবেদন কেবল মাত্র নিম্ন বর্নিত ব্যক্তিগণ দাখিল করতে পারবেনঃ-

*(ক) বাংলাদেশী মূল মালিক*

*(খ) বাংলাদেশী মূল মালিকের উত্তরাধিকারী*

*(গ) বাংলাদেশী মূল মালিক বা উত্তরাধিকারীর স্বার্থাধিকারী **(Successor in interest)***

*(ঘ) বাংলাদেশী মূল মালিক বা উত্তরাধিকারীর স্বার্থাধিকারী **(Successor in interest)** এর উত্তরাধিকারী সূত্রে এমন সহ-অংশীদার যিনি বা যাহারা ইজারা গ্রহণ দ্বারা বা অন্য কোনভাবে সম্পত্তির দখলে রহিয়াছেন **(Co-sharer in possession by lease or in any form)** যদি উক্ত মূল মালিক বা উত্তরাধিকারী বা স্বার্থাধিকারী **(Successor in interest)** বা*

*উত্তরাধিকারীসূত্রে সহ-অংশীদার (Co-sharer in possession by lease or in any form) বাংলাদেশের নাগরিক ও স্থায়ী বাসিন্দা হন।*

অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ১০ এর উপ-ধারা ১ মোতাবেক সম্পত্তি প্রত্যর্পণ বা অবমুক্তির আবেদনের সাথে আবেদনকারীকে তার দাবীর সমর্থনে তার সকল কাগজপত্র সংযুক্ত করতে হয়।

অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ১০এর উপ-ধারা ৬ (গ) মোতাবেক দরখাস্তকারীগণের মালিকানা বিষয়ে সত্যাসত্য অনুসন্ধানের উদ্দেশ্যে বিচার বিভাগীয় কর্মকর্তা, সরকারী কর্মকর্তা বা ট্রাইব্যুনালের বিবেচনায় যে কোন কর্মকর্তাকে নির্দেশ প্রদান করে মালিকানার বিষয়ে সঠিক অনুসন্ধান করা এবং প্রাপ্ত অনুসন্ধানের উপর ভিত্তি করে সঠিক বিবেচনার সুযোগ ট্রাইব্যুনালকে প্রদান করা হয়েছে।

অর্থাৎ মালিকানার বিষয়ে সতাসত্য অনুসন্ধান করা আদালতের আইনত দায়িত্ব এবং উক্ত অনুসন্ধানের নিমিত্ত আদালত যেমনি বিচেনা করবেন সে মোতাবেক বিচার বিভাগীয় কর্মকর্তা, সরকারী কর্মকর্তা বা ট্রাইব্যুনাল বিবেচনায় যে কোন কর্মকর্তাকে নির্দেশ প্রদান করিবেন।

অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা উপ-ধারা ৮(চ) মোতাবেক সিদ্ধান্তসমূহ প্রদানের ক্ষেত্রে ট্রাইব্যুনাল কর্তৃক আবেদনকারীর উপস্থাপিত সাক্ষ্যের সংক্ষিপ্ত বিশ্লেষণ ও মূল্যায়নসহ সিদ্ধান্ত সমূহ ব্যাখ্যা করা আইনে বর্ণিত দায়িত্ব।

অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ২৫ মোতাবেক আবেদন নিস্পত্তির ব্যাপারে আইন বা বিধিতে পর্যাপ্ত বিধান নাই বলিয়া মনে করিলে ট্রাইব্যুনাল বা আপীল ট্রাইব্যুনাল বিষয়টি লিপিবদ্ধ করিয়া সংশ্লিষ্ট পরিস্থিতিতে উহার বিবেচনামত ন্যায় বিচারের জন্য সহায়ক হয় এইরূপ যথাযথ পদ্ধতি অনুসরণ ও সিদ্ধান্ত প্রদান করিতে পারিবে।

গুরুত্বপূর্ণ বিধায় জেলা জজ এবং অর্পিত সম্পত্তি ট্রাইব্যুনাল আদালতে অত্র ২নং প্রতিপক্ষ ও শ্রী রবী চন্দ্র শাহা পোদ্দার কর্তৃক দাখিলকৃত "**An application under section 10(1) of the Aurpita Sampotty Potrarpon Ain, 2001 (as amended 2011), for releasing the schedule property from V. P. "Ka List" as mentioned in serial No. 758, Case No. 295/75 at Mouza- "Ghandharia" P. S.- Savar, District-Dhaka which is published in the Govt. Gazette under section 9 of the same Act"** নিম্নে অবিকল অনুলিখন হলো

***"In the Court of District Judge & Vested/E.P. Property Tribunal, Dhaka***

***<u>Vested Property Case No. 479/2012</u>***

1. ***Sree Madhob Chandra Saha Poddar***
2. ***Sree Rubi Chandra Saha Poddar***

***Both Sons of Late Biresh Chandra Saha alias Biresh Chandra Saha Poddar***
***Both of Konda, P. O. Nagar Konda***
***P. S.- Savar, Dist.- Dhaka.***
***At present- North Kalshi, Section-12***
***Block- Pa, Pallabi, P. S. Mirpur, Dhaka- 1216.***

***........... Petitioners.***

***-Versus-***

***Peoples Republic of Bangladesh***
***Represented by***
***Deputy Commissioner, Dhaka***
***Dhaka collectorate Bhabon***
***Dhaka.***

***............ Respondent.***

***Sub: An application under section 10(1) of the Aurpita Sampotty Potrarpon Ain, 2001 (as amended 2011), for releasing the schedule property from V. P. "Ka List" as mentioned in serial No. 758, Case No. 295/75 at Mouza- "Ghandharia" P. S.- Savar, District- Dhaka which is published in the Govt. Gazette under section 9 of the same Act.***

***The humble petition on behalf of the petitioners begs to state as follows:-***

***1. That there was a tenancy at Mouja "Gandharia" comprising of a hue protion of land. Amongst that protionof land C. S. Plot Nos. 30, 72 and 78 are the land in question of this petition. Some Ramani Mohan Rai was a korfa Raiyot of that land along with the said tenancy. Subsequently he left the land of those plots.***

2. ***That some Khetra Mohan Saha Poddar was a tenant in occupancy of the land measuring 15.74 acres of C. S. plot Nos. 30, 72 and 78. He was holdong and possessing the same land. Said Khetra Mohan Saha Poddar applied to the superior authority i.e. the owner of the tenancy to get a settlement of the said 15.74 acres of land. The authority having investigated the application and got himin occupancy of the said land allowed the applicationand settled the said land with Khetra Mohan Saha Poddar on 16.08.1949. Thus the said Khetra Mohan Saha Poddar became the tenant directly under the owner of the tenancy and paid rents to the later.***

3. ***That the said Khetra Mohan Saha Poddar, while enjoying and possessing the schedule land, died leaving behind his sole successor, his only son, Biresh Chandra Saha Poddar. Thus Biresh Chandra Saha Poddar by way of inheritance became the tenant of the said land under the superior owner. During the S. A. operation he was found in occupancy of the land as tenant and was correctly recorded in the concerned record of the said land. Thus by operation of State Acquisition and Tenancy Act 1950 Biresh Chandra Saha Poddar became the tenant of the said land directly under the state.***

4. ***That said Biresh Chandra Saha Poddar being the tenant of the said land was enjoying and possessing the same. During the period of R. S. operation Biresh Chandra Saha Poddar was living in his village and was enjoying the***

***schedule land. Afterwards he died leaving behind his two sons i.e. the petitioners as his successors.***

5. ***That in thus way the petitioners became the owners of the schedule land by way of inheritance of Biresh Chandra Saha Poddar. They have been enjoying and possessing the said land by way of inheritance without any hindrance fromany quarter. For their convenience by now they are residing at North-Kalshi, Section -12, Block-Pa, Mirpur-1216, Pallabi, Dhaka. They frequently go to the schedule land and lookafter the same. There are a number of huts and Katcha house of the petitioners in the said land and a huge number of fruit trees namely mango trees, jackfruit trees, lichi trees etc. which the petitioners have been enjoying since long past.***

6. ***That the father of the petitioners was continuously residing in his village i.e. in Bangladesh and the petitioners have also been residing in Bangladesh. They got the National Identity cards. That neither the petitioners nor their father had ever faced any disturbance in their enjoyment of the suit land. The government did never claim any right, interest or possession in the suit land.***

7. ***That the schedule property has been wrongly included in V. P. "Ka List" in serial No. 758, Case No. 295/75 at mouza- "Ghandharia", P. S.- Savar, Dist- Dhaka. Now the schedule property it is required to be released from the said V. O. "Ka List".***

***Wherefore, it is, most humbly prayed that the learned court would graciously be pleased to pass necessary order for releasing the schedule property from vested property "Kist List" serial No. 758, Case No. 295/75, at Mouza- Ghandharia, P. S.- Savar, Dist- Dhaka for the ends of justice.***

***And for this act of kindness, the petitioners as in duty bound shall ever pray.***

***<u>S C H E D U L E</u>***

***District- Dhaka, Police Station- Savar, Mouja- "Gandharia", Khatian No. C. S. 1, S. A. 2, R. S. 226, quantum of land is 15.56 Acres out of vested 15.75 acres of land.***

1. ***Plot No. C. S. & S. A. 30, R. S. 312, land measuring 1384 decimals out of decimals whichis butted and bounded by on the North-Siddique and Rahim, on the South- Nobu Mia, on the East- Lal Mia and Korban Ali, on the West- Anis Chowdhury.***

2. ***Plot No. C. S. and A. A. 30, R. S. 313, land measuring 100 decimals out of 1502 decimals which is butted and bounded by on the Noth- Rustom Ali, On the Sout- Haji Iman Ali, On the East- Sobhan Molla and Ramjan Ali, On the West- Munsur Ali and Hazi Iman Ali.***

3. ***Plot No. C. S. and S. A. 72, R. A. 48, land measuring 16 decimals.***

4. ***Plot No. C. S. and S. A. 78, R. S. 44, land measuring 56 decimals. In total 1556 decimals.***

***<u>A F F I D A V I T</u>***

***I, Sree Madhob Chandra Saha Poddar, aged about- 65 years, Son of Late Biresh Chandra Saha alias Biresh Chandra Saha Poddar, North Kalshi, Section- 12, Block- Ps, Pallabi, P. S. Mirpur, Dhaka- 1216, by profession- Service, by faith- Muslim, by nationality- Bangladeshi (by birth), do hereby solemnly affirm and declare as follows:-***

1. ***That I am the petitioner No. 1 of this petition and as such acquainted with the facts and circumstances of the petition and competent to swear this affidavit.***

2. ***That the statements made above are true to the best of my knowledge and belief and matters of record and in verification where of I signing this affidavit on 30.07.12 at 10.37 a.m. before the commissioner of Affidavit.***

***Sd/- Illegible***
***---------------------------***
***Deponent***

***The deponent is known to me and identified by me and he has signed in may presence.***

***Sd/- Illegible***
***---------------------------***
***Advocate***

গুরুত্বপূর্ণ বিধায় অর্পিত সম্পত্তি ট্রাইব্যুনাল মোকদ্দমা নং- ৪৭৯/২০১২ এর সকল আদেশ সমূহ নিম্নে অবিকল অনুলিখন হলো ঃ

*<u>অঃ সঃ ট্রাঃ ৪৭৯/২০১২</u>*

*<u>০১</u>*
*৩০.০৭.১২*

*তালিকাভূক্ত করা হউক। ইহা অর্পিত সম্পত্তি প্রত্যার্পণ আইন ২০০১ এর ১০(১) ধারার বিধান মতে নালিশী তপশীল সম্পত্তি অবমুক্তির প্রার্থনায় বাদীপক্ষ নির্ধারিত ১০০০/-টাকার কোর্ট ফি সহ অত্র মোকদ্দমা আনয়ন করিয়াছেন। তৎসহ ফিরিস্তিযোগে কিছু কাগজপত্র/ফটোকপি দাখিল করিয়াছেন। তৎসহ বিবাদী প্রতি জারির জন্য রোজ সহ তলবানা দাখিল করিয়াছেন। নথি গ্রহণ বিষয়ক শুনানীর*

*জন্য পেশ করা হইল। আগামী ২৫.০৯.১২ তারিখ গ্রহণযোগ্যতা শুনানী।*

*স্বা/- অস্পষ্ট*

*০২*
*২৫.০৯.১২*

*অদ্য গ্রহণযোগ্যতা শুনানীর জন্য দিন ধার্য আছে । বাদী হাজিরা দিয়েছে। পেশ করা হলো।*

*শুনিলাম। গৃহীত হহইল। আগামী ১৮.১০.১২ ইং তাং সমন ও এডি ফেরতের দিন ধার্যে বিবাদী পক্ষের প্রতি সমন ইস্যু করা হউক। অত্র মোকদ্দমাটি দ্রুত বিচার ও নিষ্পত্তির জন্য অতিঃ জেলা জজ আদালতে বদলী করা হইল।*

*স্বা/- অস্পষ্ট*

*০৩*
*২.১০.১২*

*মাননীয় জেলা জজ আদালত, ঢাকা হতে অত্র মোকদ্দমাটি দ্রুত বিচার ও নিষ্পত্তির জন্য বদলীমূলে পাওয়া গেল। দেখলাম। সমনও এডি ইস্যু করা হয় নাই। সমন ও এডি ইস্যু করা হোক। আগামী ১৮.১০.২০১২ইং তারিখ সমন ও এডি ফেরত।*

*স্বা/- অস্পষ্ট*

*০৪*
*১৮.১০.১২*

*অদ্য সমন ও এডি ফেরতের জন্য দিন ধার্য আছে। বাদীপক্ষ হাজিরা দিয়াছে। সমন ও এডি জারী অন্তে ফেরত আসে নাই। আগামী ০১.১১.১২ ইং তারিখ সমন ও এডি ফেরত।*

*স্বা/- অস্পষ্ট*

*০৫*
*০১.১১.১২*

*অদ্য সমন ও এডি ফেরতের জন্য দিন ধার্য আছে। বাদীপক্ষে হাজিরা দাখিল করিয়াছে। সমন ফেরত আসিয়াছে। আগামী ২৭.১১.১২ ইং তারিখ জবাব ও আপত্তি দাখিলের জন্য।*

*স্বা/- অস্পষ্ট*

*০৬*
*২৭.১১.১২*

*অদ্য জবাব ও আপত্তি দাখিলের জন্য দিন ধার্য আছে। বাদীপক্ষ হাজিরা দিয়েছে। কোন জবাব ও আপত্তি দাখিল করে নাই। আগামী ২১.০১.১৩ ইং তারিখ জবাব ও আপত্তি দাখিলের জন্য।*

*স্বা/- অস্পষ্ট*

*০৭*
*২১.০১.১৩*

*অদ্য জবাব ও আপত্তি দাখিলের জন্য দিন ধার্য আছে। বাদীপক্ষ হাজিরা দিয়াছে। বিবাদীপক্ষ এক দরখাস্ত দিয়া উহাতে বর্ণিত কারণে জবাব ও আপত্তি দাখিলের জন্য সময়ের প্রার্থনা করেছেন। দেখিলাম। সময়ের প্রার্থনা মঞ্জুর করা হলো। আগামী ইং ১০.০৩.১৩ তারিখ জবাব ও আপত্তি দাখিল।*

*স্বা/- অস্পষ্ট*

০৮
১০.০৩.১৩
অদ্য জবাব ও আপত্তি দাখিলের জন্য দিন ধার্য্য আছে। বাদীপক্ষে হাজিরা দিয়াছে। বিবাদীপক্ষ এক দরখাস্ত দিয়া উহাতে বর্ণিত কারণে জবাব ও আপত্তি দাখিলের জন্য সময়ের প্রার্থনা করেছেন। দেখিলাম। সময়ের প্রার্থনা মঞ্জুর করা হলো। আগামী ২০.০৫.১৩ ইং তারিখ জবাব ও আপত্তি দাখিল।

স্বা/- অস্পষ্ট

০৯
২০.০৫.১৩
অদ্য জবাব ও আপত্তি দাখিলের জন্য দিন ধার্য্য আছে। বাদীপক্ষ গর হাজিরা। বিবাদীপক্ষ এক দরখাস্ত দিয়া উহাতে বর্ণিত কারণে জবাব দাখিলের জন্য সময়ের প্রার্থনা করেছেন। দেখিলাম। সময়ের প্রার্থনা মঞ্জুর করা হলো। আগামী ০১.০৯.১৩ ইং তারিখ জবাব দাখিল।

স্বা/- অস্পষ্ট

১০
০১.০৯.১৩
মাননীয় জেলা জজ আদালতের আদেশ নং ১৩৫/সাধারন, তাং ২১.০৭.১৩ ------ (অস্পষ্ট) মোতাবেক অত্র মোকদ্দমার নথি দ্রুত বিচার ও নিষ্পত্তির জন্য যুগ্ম জেলা জজ, অতিরিক্ত আদালত, ঢাকায় বদলী করা হলো।

স্বা/- অস্পষ্ট

১১
১০.১০.১৩
মাননীয় জেলা জজ, ঢাকা এর আদেশ নং ১৩৫/সাধারন তাং ২১.০৭.১৩ ইং অনুসারে অত্র মোকদ্দমার নথি অতিঃ জেলা জজ, ৭ম আদালত, ঢাকা থেকে বিচার ও নিষ্পত্তির জন্য বদলী মূলে পাওয়া গিয়াছে। দেখিলাম। মোকদ্দমাটি অত্রাদালতের রেজিষ্ট্রিতে তালিকাভূক্ত করা হোক। আগামী ১৯.১১.১৩ তারিখ জবাব দাখিল।

স্বা/- অস্পষ্ট

১২
১৯.১১.১৩
অদ্য জবাব দাখিলের জন্য দিন ধার্য্য আছে। বাদীপক্ষ হাজিরা দাখিল করিয়াছে। বিবাদী সরকার পক্ষ জবাব দাখিল করে নাই। ন্যায় বিচারের স্বার্থে আগামী ২২.০১.১৪ ইং তারিখ জবাব দাখিল।

স্বা/- অস্পষ্ট

১৩
২২.০১.১৪
অদ্য জবাব দাখিলের জন্য দিন ধার্য্য আছে। বাদীপক্ষ হাজিরা দাখিল করিয়াছে। বিবাদী সরকার পক্ষ কোন পদক্ষেপ গ্রহণ করে নাই। ন্যায় বিচারের স্বার্থে আগামী ২০.০২.১৪ ইং তারিখ জবাব দাখিল।

স্বা/- অস্পষ্ট

১৪
২০.০২.১৪
অদ্য জবাব দাখিলের জন্য দিন ধার্য্য আছে। বাদীপক্ষ হাজিরা দাখিল করিয়াছে। বিবাদী সরকার পক্ষে ওকালতনামাসহ এক দরখাস্ত দাখিল করিয়া জবাব দাখিলের জন্য সময়ের প্রার্থনা করেন। শুনানী ক্রমে মঞ্জুর। (v.o.p) আগামী ০৮.০৪.১৪ ইং তারিখ জবাব দাখিল।

স্বা/- অস্পষ্ট

১৫
০৮.০৪.১৪

অদ্য জবাব দাখিলের জন্য দিন ধার্য্য আছে। বাদীপক্ষ হাজিরা দাখিল করিয়াছে। বিবাদী পক্ষ জবাব দাখিল করে নাই কিংবা কোন পদক্ষেপ গ্রহণ করে নাই। দেখলাম। আগামী ১২.০৫.১৪ ইং তারিখ একতরফা শুনানী।

স্বা/- অস্পষ্ট

১৬
১২.০৫.১৪

অদ্য একতরফা শুনানীর জন্য দিন ধার্য্য আছে। বাদী পক্ষ হাজিরা দাখিল করিয়াছে। বিবাদীপক্ষ কোন পদক্ষেপ গ্রহণ করে নাই। পেশ করা হলো। দেখলাম। ন্যায় বিচারের স্বার্থে আগামী ১৬.০৭.১৪ ইং তারিখ একতরফা শুনানী। সরকার পক্ষে ভি, পি, কৌশুলীকে জ্ঞাত করা হউক।

স্বা/- অস্পষ্ট

১৭
১৬.০৭.১৪

অদ্য একতরফা শুনানীর জন্য দিন ধার্য্য আছে। বাদী পক্ষ হাজিরা দিয়েছে। ভারপ্রাপ্ত বিচারক নিজ আদালতের মামলায় শুনানীতে ব্যস্ত থাকায় আগামী ০৩.০৯.১৪ তারিখ একতরফা শুনানী।

স্বা/- অস্পষ্ট

১৮
০৩.০৯.১৪

অদ্য একতরফা শুনানীর জন্য দিন ধার্য্য আছে। বাদী পক্ষ হাজিরা দাখিল করিয়াছে। ভারপ্রাপ্ত বিচারক নিজ আদালতের মামলায় শুনানীতে ব্যস্ত থাকায় আগামী ১১.১১.১৪ ইং তারিখ একতরফা শুনানী।

স্বা/- অস্পষ্ট

১৯
১১.১১.১৪

অদ্য একতরফা শুনানীর জন্য দিন ধার্য্য আছে। বাদী পক্ষ হাজিরা দাখিল করিয়াছে। ভারপ্রাপ্ত বিচারক নিজ আদালতের মামলায় শুনানীতে ব্যস্ত থাকায় আগামী ১৮.০২.১৫ তারিখ একতরফা শুনানী।

স্বা/- অস্পষ্ট

২০
১৮.০২.১৫

অদ্য একতরফা শুনানীর জন্য দিন ধার্য্য আছে। বাদী পক্ষ হাজিরা দিয়েছে। ভারপ্রাপ্ত বিচারক নিজ আদালতের মামলায় শুনানীতে ব্যস্ত থাকায় আগামী ২৮.০৪.১৫ তারিখ একতরফা শুনানী।

স্বা/- অস্পষ্ট

২১
২৯.০৪.১৫

ধার্য্য তারিখ সরকারী ছুটি থাকায় অদ্য নথি পেশ করা হইল। অদ্য একতরফা শুনানীর জন্য দিন ধার্য্য আছে। বাদী পক্ষ হাজিরা দিয়াছে। ভারপ্রাপ্ত বিচারক নিজ আদালতে ব্যস্ত থাকায় আগামী ০৭.০৭.১৫ তারিখ একতরফা শুনানী।

স্বা/- অস্পষ্ট

২২
০৭.০৭.১৫

অদ্য একতরফা শুনানীর জন্য দিন ধার্য্য আছে। বাদী পক্ষ হাজিরা দিয়াছে। বিবাদী সরকার এক-দরখাস্ত দিয়া বর্ণিত কারণে প্রার্থনা

করিয়াছে। নথি পেশ করা হলো। শুনিলাম। দরখাস্ত শুনানী না করায় না-মঞ্জুর করা হলো। (Vop) বাদীর সাক্ষী - পি,ডব্লিউ-১ শ্রী মাধব চন্দ্র সাহা পোদ্দার এর হলফ অন্তে আংশিক জবাবন্দি গ্রহণ করা হলো। তাহার দাখিলী কাগজাদি প্রদর্শনী-১-৪ সিরিজ হিসাবে চিহ্নিত করা হলো। আগামী ০৮/০৮/১৫ ইং তারিখ একতরফা বক্রী সাক্ষী।

স্বা/- অস্পষ্ট

২৩

০৯.০৮.১৫

ধার্য্য তারিখ সরকারী ছুটি থাকায় অদ্য একতরফা শুনানীর জন্য পেশ করা হইল। বাদী পক্ষ হাজিরা দিয়াছে। বিবাদী সরকার পক্ষ এক দরখাস্ত দিয়া বর্ণিত কারণে সময়ের প্রার্থনা করেন। প্রার্থনা শেষবারের মত মঞ্জুর করা হইল। আগামী ২৭.০৮.১৫ ইং তারিখ বক্রী একতরফা শুনানী।

স্বা/- অস্পষ্ট

২৪

২৭.০৮.১৫

অদ্য বক্রী একতরফা শুনানীর জন্য দিন ধার্য্য আছে। বাদী পক্ষ হাজিরা দিয়াছে। বিবাদী পক্ষ এক দরখাস্ত দাখিলক্রমে বর্ণিত কারণে জবাব গ্রহন করার প্রার্থনা করিয়াছে। প্রার্থনা মঞ্জুর করা হলো জবাব গৃহীত হল। আগামী ০৮.০৯.১৫ ইং ইস্যু গঠন।

স্বা/- অস্পষ্ট

২৫

০৮.০৯.১৫

অদ্য ইস্যু গঠনের জন্য দিন ধার্য্য আছে। বাদী ও বিবদী সরকারী পক্ষ হাজিরা দিয়াছে। নথি পেশ করা হইল। দেখলাম, অদ্য ইস্যু গঠন করা হইল। আগামী ০৮.১০.১৫ ইং তারিখ F.H.

স্বা/- অস্পষ্ট

২৬

০৮.১০.১৫

অদ্য F.H এর জন্য দিন ধার্য্য আছে। উভয়পক্ষ হাজিরা দিয়াছে। বাদীর সাক্ষী শ্রী-মাধব চন্দ্র সাহা পোদ্দার এর লোক অন্তে জবানবন্দী ও আংশিক জেরা গ্রহন করা হইল। আগামী ১৮.১০.১৫ ইং তারিখ পি, ডব্লিউ-১ এর জেরা।

স্বা/- অস্পষ্ট

২৭

১৮.১০.১৫

অদ্য পি, ডব্লিউ-১ এর জেরার জন্য দিন ধার্য্য আছে। উভয়পক্ষ হাজিরা দিয়াছে। বাদীর সাক্ষী পি, ডব্লিউ-১ শ্রী মাধব চন্দ্র সাহা (পোদ্দার) এর হলফ অন্তে জেরার সমাপ্ত করা হইল। আগামী ১০.১১.১৫ ইং তারিখ বিবাদীর সাক্ষী।

স্বা/- অস্পষ্ট

২৮

১০.১১.১৫

অদ্য বিবাদীর সাক্ষীর জন্য দিন ধার্য্য আছে । বাদী হাজিরা দিয়াছে । বিবাদী দরখাস্ত দিয়া সময় নিবেদন করেন। শুনিলাম। শেষবারের মত সময় মঞ্জুর। (Vop) আগামী ০৬.০১.১৬ ইং তারিখ বিবাদীর সাক্ষী।

স্বা/- অস্পষ্ট

২৯
০৬.০১.১৬

অদ্য বিবাদীর সাক্ষীর জন্য দিন ধার্য্য আছে। বাদী হাজিরা দিয়াছে। বিবাদী সরকার পক্ষ এক দরখাস্ত দিয়া বর্ণিত কারণে সময় নিবেদন করেন। প্রার্থনা মঞ্জুর করা হইল। আগামী ২০.০১.১৬ ইং তারিখ বিবাদীর সাক্ষী ব্যর্থতায় যুক্তিতর্ক শুনানী।

স্বা/- অস্পষ্ট

৩০
২০.০১.১৬

অদ্য বিবাদীর সাক্ষী ব্যর্থতায় যুক্তিতর্ক শুনানীর জন্য দিন ধার্য্য আছে। বাদী ও বিবাদী সরকার পক্ষ হাজিরা দিয়াছে। বিবাদী এক দরখাস্ত দিয়া বর্ণিত কারণে সময় নিবেদন করেন। প্রার্থনা মঞ্জুর করা হইল।আগামী ২৮.০১.১৬ ইং তারিখ বিবাদীর সাক্ষী ব্যর্থতায় যুক্তিতর্ক শুনানী।

স্বা/- অস্পষ্ট

৩১
২৮.০১.১৬

**অদ্য বিবাদীর সাক্ষী ব্যর্থতায় যুক্তিতর্ক শুনানীর জন্য দিন ধার্য্য আছে। বাদী পক্ষ হাজিরা দাখিল করিয়াছে। বিবাদী সরকার পক্ষ দেঃকাঃ আইনের ৬ আদেশ ১৭ নিয়মে এক দরখাস্ত দিয়া জবাব সংশোধনের প্রার্থনা করেন। কপি জারি হইয়াছে। বিবাদীর সাক্ষী D.W-1 মোঃ রেজাউল করিম এর আংশিক জবানবন্দী গ্রহন করা হইয়াছে। বিবাদীপক্ষ ফিরিস্তি যোগে কাগজ দাখিল করিয়াছে। বিবাদী সরকার পক্ষ এক দরখাস্ত দিয়া সময় নিবেদন করেন। নথি জবাব সংশোধনী দরখাস্ত শুনানীর জন্য পেশ করা হইল।**

শুনিলাম। বিবাদী সরকার পক্ষের জবাব সংশোধনীর দরখাস্ত ও নথি পর্যালোচনা করলাম । বাদী ও বিবাদী সরকার পক্ষের বিজ্ঞ আইনজীবীদ্বয়ের বক্তব্য শ্রবন করা হইল। নথি ও জবাব সংশোধনীর দরখাস্ত মঞ্জুর যোগ্য বিধায় জবাব সংশোধনী দরখাস্ত মঞ্জুর করা হইল। প্রার্থীতমতে জবাব সংশোধন করা হোক। জবাব সংশোধনীর দরখাস্ত অতিরিক্ত জবাব হিসাবে গন্য হইল। আগামী ০৯.০২.১৬ ইং তারিখ বিবাদীর সাক্ষী ব্যর্থতায় যুক্তিতর্ক শুনানী।

স্বা/- অস্পষ্ট

৩২
০৯.০২.১৬

অদ্য বিবাদীর সাক্ষী ব্যর্থতায় যুক্তিতর্ক শুনানীর জন্য দিন ধার্য্য আছে। বাদী হাজিরা দাখিল করিয়াছে। বিবাদী সরকার এক দরখাস্ত দিয়া সময় নিবেদন করেন। শুনিলাম। সময়ের প্রার্থনা মঞ্জুর। (Vop) আগামী ২৩.০২.১৬ ইং তারিখ বিবাদীর সাক্ষী ব্যর্থতায় যুক্তিতর্ক শুনানী।

স্বা/- অস্পষ্ট

৩৩
২৩.০২.১৬

অদ্য বিবাদীর সাক্ষী ব্যর্থতায় যুক্তিতর্ক শুনানীর জন্য দিন ধার্য্য আছে। বাদীপক্ষ হাজিরা দাখিল করিয়াছে। বিবাদী এক দরখাস্ত দিয়া সময় নিবেদন করেন। প্রার্থনা মঞ্জুর । (Vop) আগামী ২৮.০২.১৬ ইং তারিখ বিবাদীর সাক্ষী ব্যর্থতায় যুক্তিতর্ক শুনানী।

স্বা/- অস্পষ্ট

৩৪
২৮.০২.১৬

অদ্য বিবাদীর সাক্ষী ব্যর্থতায় যুক্তিতর্ক শুনানীর জন্য দিন ধার্য্য আছে। বাদীপক্ষ হাজিরা দাখিল করিয়াছে। বিবাদী সরকার এক দরখাস্ত দিয়া

সময় নিবেদন করেন। প্রার্থনা মঞ্জুর করা হইল । আগামী ১৪.০৩.১৬ ইং তারিখ বিবাদীর সাক্ষী ব্যর্থতায় যুক্তিতর্ক শুনানী।

স্বা/- অস্পষ্ট

৩৫
০৩.০৩.১৬

মাননীয় জেলা জজ, আদেশ নং ৫০ সাধারণ (তারিখ ২৯/০২/১৬ ইং) তারিখে আদেশ এর কপি পাওয়া গেল। আদেশদৃষ্টে দেখা যায় যে, অত্র আদলতের অঃসঃ ৪৭৯/১২ নং নথিতে বিচার ও নিস্পত্তির জন্য সিনিয়র সহকারী জজ, সাভার আদালতে বদলী করা হইয়াছে। দেখিলাম, সত্বর নথি প্রেরণ করা হউক।

স্বা/- অস্পষ্ট

৩৬
১০.০৩.১৬

**মাননীয় জেলা জজ, আদলত ঢাকা, হইতে আদেশ নং ৫০ সাধারণ/তাং ২৯/০২/১৬ ইং মোতাবেক এবং একই তারিখের স্মারক নং ২৩৬, ডি,জে ঢাকা/১ এম -৭/১৬ ইং বলে যুগ্ম জেলা জজ, অতিরিক্ত আদালত ঢাকা হইতে অর্পিত ৪৭৯/১২ নং মোকদ্দমার নথি পাওয়া গেল। দেখিলাম। আগামী ২৩.০৩.১৬ তারিখ বিবাদীর সাক্ষী ব্যর্থতায় যুক্তিতর্ক শুনানী।**

**স্বা/- অস্পষ্ট**

৩৭
২৩.০৩.১৬

অদ্য বিবাদীর সাক্ষী ব্যর্থতায় যুক্তিতর্ক শুনানীর জন্য ধার্য্য আছে। বাদী ও বিবাদীর সরকার পক্ষ হাজিরা দিয়াছে। বিবাদীপক্ষে একখানা দরখাস্তমুলে বর্ণিত কারণে D.W-2 হিসাবে সাক্ষ্য গ্রহণের প্রার্থনা করিয়াছে। প্রার্থনাটি ---- করা হইল। অতএব, D.W-2 মোঃ ইসমাইল হোসেন এর জবানবন্দি আংশিক গ্রহন করা হইল। দাখিলী কাগজপত্র প্রদঃ ক-গ চিহ্নিত করা হইল। আগামী ৩১.০৩.১৬ তারিখ D.W-2 এর সাক্ষী জেরা।

স্বা/- অস্পষ্ট

৩৮
৩১.০৩.২০১৬

অদ্য D.W- 2 এর সাক্ষী জেরার জন্য ধার্য্য আছে। দরখাস্তকারী পক্ষে ও পক্ষভূক্ত বিবাদী পক্ষে ও বিবাদী সরকার পক্ষে হাজিরা দিয়াছে। পক্ষ ভূক্ত বিবাদী পক্ষে হলফনামা সহ দেঃ মাঃ বিঃ আইনের ১ এর ১০(২) নিঃ মতে এক দরখাস্ত মূলে বর্নিত কারনে বিবাদী শ্রেনীভুক্ত হওয়ার নোটিশ করিয়াছে। কপি বিলি হয় নাই। আগামী ২৫.০৪.১৬ ইং তাং D.W- 2 এর সাক্ষী জেরা ও দঃ শুনানী।

স্বা/- অস্পষ্ট

৩৯
২৫.০৪.২০১৬

অদ্য D.W- 2 এর সাক্ষী জেরা ও দঃ শুনানীর জন্য ধার্য্য আছে। বাদী পক্ষ ও বিবাদী পক্ষ হাজিরা দিয়াছে। পরে বিবাদী সরকার পক্ষ এক দরখাস্ত মূলে বর্নিত কারনে সময়ের প্রার্থনা করিয়াছে। প্রার্থনা মঞ্জুর

করা হলো। আগামী ১১.০৫.১৬ ইং তাং D.W- 2 এর সাক্ষী জেরা ও দঃ শুনানী।

স্বা/- অস্পষ্ট

৪০
১১.০৫.২০১৬

অদ্য **D.W- 2** এর সাক্ষী জেরা ও দরখাস্ত শুনানীর জন্য ধার্য্য আছে। বাদী ও বিবাদী পক্ষে হাজিরা দিয়াছে। পক্ষভুক্তির বিরুদ্ধে দরখাস্তকারী পক্ষ লিঃ আপত্তি দিয়াছে। কপি বিলি হইয়াছে। নথী পেশ করা হইল। অতঃপর বিবাদী সরকার পক্ষে এক দরখাস্ত মূলে বর্নিত কারনে সময়ের প্রার্থনা করিয়াছে। নথী পেশ করা হইল। দেখিলাম। দরখাস্তকারী পক্ষে মূল বক্তব্য হলো তারা ঐ সম্পত্তি নিয়ে অর্পিত ২২৮৭/১২ মামলা করেছে। তারা ঐ সম্পত্তি সাফ কবলা দলিল মূলে মালিক। একারনে বর্তমান মামলায় তাদের স্বার্থ আছে বিধায় ২-৪ নং বিবাদীনি পক্ষভুক্ত করার প্রার্থনা করেছেন। অন্যদিকে দরখাস্তকারী পক্ষ লিখিত আপত্তি দাখিল করেছেন। যেহেতু অর্পিত সম্পত্তির মামলায় মূল বিবেচ্য বিষয় হলো নালিশী সম্পত্তি অর্পিত সম্পত্তির তালিকা থেকে অবমুক্তির আদেশ পেতে পারেন কিনা। তাই এখানে সরকারই একমাত্র প্রয়োজনীয় পক্ষ। নালিশী সম্পত্তিতে কার স্বত্ব আছে এগুলো যেহেতু এখানে নির্ধারিত হবে না তাই অন্য কোন পক্ষের পক্ষভুক্ত হওয়ার সুযোগ নাই। স্বীকৃত মতে দরখাস্তকারীরা অন্য একটি অর্পিত মামলা করেছেন যা চলমান আছে। সেখানে তারা অবমুক্তির জন্যই দায়ের করেছেন। সুতরাং কার কি সত্ব বা স্বার্থ আছে এটি যেহেতু এখানে নিস্পত্তি হবে না তাই তারা প্রয়োজনীয় পক্ষ নয় বিধায় পক্ষ ভুক্তির প্রার্থনা না মঞ্জুর করা হলো। আগামী ২২.০৫.১৬ তারিখ **D.W- 2** এর বাকী জেরা।

স্বা/- অস্পষ্ট

৪১
২২.০৫.২০১৬

অদ্য বিবাদীর সাক্ষীর জন্য দিন ধার্য্য আছে। বাদী পক্ষ হাজিরা দিয়াছে। বিবাদী সরকার পক্ষ এক দরঃ দাখিল ক্রমে সময়ের প্রার্থনা করেছে। পক্ষভুক্ত বিবাদী পক্ষ অপর এর দরঃ দাখিল ক্রমে উচ্চ আদালতে রিভিশন দায়েরের জন্য সময়ের প্রার্থনা করেছে। প্রার্থনাদ্বয় মঞ্জুর (V. O. P)। আগামী ১৯.০৬.১৬ ইং তারিখ বিবাদীর সাক্ষী।

স্বা/- অস্পষ্ট

৪২
১৯.০৬.২০১৬

অদ্য বিবাদীর সাক্ষীর জন্য দিন ধার্য্য আছে। বাদী পক্ষে হাজিরা দিয়াছে। পক্ষভূক্ত বিবাদী ও বিবাদী সরকার পক্ষে পৃথক দরখাস্ত মূলে বর্নিত কারনে সময়ের প্রার্থনা করিয়াছে। প্রার্থনা শেষবারের মত মঞ্জুর। আগামী ২৪.০৭.১৬ ইং ৩নং বিবাদীর সাক্ষী ব্যর্থতায় যুক্তিতর্ক শুনানী।

স্বা/- অস্পষ্ট

৪৩
২৪.০৭.২০১৬

অদ্য ৩নং বিবাদীর সাক্ষী ব্যর্থতায় যুক্তিতর্ক শুনানীর জন্য ধার্য্য আছে। দরখাস্তকারী পক্ষে হাজিরা দিয়াছে। পক্ষভুক্ত বিবাদী পক্ষে এক দরখাস্ত মূলে বর্নিত কারনে মোকদ্দমার কার্যক্রম স্থগিতের প্রার্থনা করিয়াছে। প্রার্থনা নামঞ্জুর করা হইল। বিবাদী সরকার পক্ষ অপর এক দরখাস্ত মূলে বর্নিত কারনে সময়ের প্রার্থনা করিয়াছে। সময়ের প্রার্থনা মঞ্জুর। আগামী ০৭.০৮.১৬ ইং তাং ৩নং বিবাদীর সাক্ষী ব্যর্থতায় যুক্তিতর্ক শুনানী।

স্বা/- অস্পষ্ট

৪৪
০৭.০৮.২০১৬

অদ্য বিবাদীর সাক্ষী ব্যর্থতায় যুক্তিতর্ক শুনানীর জন্য ধার্য্য আছে। উভয় পক্ষে হাজিরা দিয়াছে। D. W-2 এর সাক্ষী জেরা গ্রহন করা হইল। আগামী ১৪.০৮.১৬ ইং বিবাদীর সাক্ষী ব্যর্থতায় যুকিতর্ক।

স্বা/- অস্পষ্ট

৪৫
১৪.০৮.২০১৬

**অদ্য বিবাদীর সাক্ষী ব্যর্থতায় যুক্তিতর্ক শুনানীর জন্য ধার্য্য আছে। বাদী পক্ষে হাজিরা দিয়াছে। বিবাদী সরকার পক্ষে দরখাস্ত মূলে বর্নিত কারনে সময়ের প্রার্থনা করিয়াছে। প্রার্থনা মঞ্জুর। আগামী ২৩.০৮.১৬ ইং বিবাদীর সাক্ষী ব্যর্থতায় যুক্তিতর্ক শুনানী। সঙ্গে অঃ ২২৮৭/১২।**

স্বা/- অস্পষ্ট

৪৬
২৩.০৮.২০১৬

অদ্য বিবাদীর সাক্ষী ব্যর্থতায় যুক্তিতর্ক শুনানীর জন্য ধার্য্য আছে। বাদী পক্ষে ও বিবাদী সরকার পক্ষে হাজিরা দিয়াছে। বিবাদী সরকার পক্ষে এক দরখাস্ত মূলে বর্নিত কারনে D.W-1 কে Re-call এর প্রার্থনা করিয়াছে। প্রার্থনা মঞ্জুর করা হইল। অতঃপর D. W-2 মোঃ ইসমাইল হোসেন এর হলফান্তে জবানবন্দী ও জেরা গ্রহন করা হলো। D. W-2

কর্তৃক কাগজ প্রদঃ ঘ সিরিজ, ঙ সিরিজ, চ সিরিজ চিহ্নিত হলো। অতঃপর D. W-3 রহিমা বেগম এর হলফান্তে জবানবন্দী ও জেলা গ্রহন করা হইল। D. W-3 এর কাগজ পত্রাদি প্রদঃ ছ, জ সিরিজ চিহ্নিত হইল। সাক্ষ্য গ্রহণ সমাপ্ত হইল। আগামী ১৯.০৯.১৬ ইং তারিখ যুক্তিতর্ক শুনানী। সঙ্গে অঃ ২২৮৭/১২।

স্বা/- অস্পষ্ট

৪৭
১৯.০৯.২০১৬

অদ্য যুক্তিতর্ক শুনানীর জন্য দিন ধার্য্য আছে। বাদী পক্ষ হাজিরা দিয়াছে। বিবাদী পক্ষ এক দরঃ দাকিল ক্রমে সময়ের প্রার্থনা করেছে। প্রার্থনা মঞ্জুর (V. O. P)। আগামী ২৭.০৯.১৬ ইং তাং যুক্তিতর্ক শুনানী। সাথে অঃ ২২৮৭/১২।

স্বা/- অস্পষ্ট

৪৮
২৭.০৯.২০১৬

অদ্য যুকিতর্ক শুনানীর জন্য ধার্য্য আছে। উভয় পক্ষে হাজিরা দিয়াছে। অতঃপর উভয় পক্ষের বিজ্ঞ আইনজীবীর যুক্তিতর্ক শ্রবণ করা হইল। আগামী ০৯.১০.১৬ ইং তাং রায় প্রচার। সাথে অঃ ২২৮৭/১২।

স্বা/- অস্পষ্ট

৪৯
০৯.১০.২০১৬

অদ্য রায় প্রচারের জন্য ধার্য্য আছে। বাদী ও বিবাদী পক্ষ হাজিরা দিয়াছে। নথি পেশ করা হল। আগামী ২৫.১০.১৬ ইং রায় প্রচার। সাথে অঃ ২২৮৭/১২।

স্বা/- অস্পষ্ট

৫০
২৫.১০.২০১৬

অদ্য রায় প্রচারের জন্য ধার্য্য আছে। উভয় পক্ষে হাজিরা দিয়াছে। অতঃপর প্রকাশ্য আদালতে ভিন্ন ২২ পৃষ্ঠায় রায় প্রকার করা হরেঅ। রায় নথীর সহিত সামিলে রাখা হইল। রায়ে উল্লেখ করিয়াছে যে, অর্পিত মোকদ্দমা ৪৭৯/১২ বিবাদীর বিরুদ্ধে দোতরফা সূত্রে বিনা খরচায় মঞ্জুর হয় এবং অর্পিত ২২৮৭/১২ না-মঞ্জুর হয়। তদুপরী নালিশী তপসিল বর্নিত সম্পত্তি অর্পিত ৪৭৯/১২ মোকদ্দমায় বাদীদের অনুকূলে অবমুক্তির প্রার্থনা মঞ্জুর হলো। জেলা প্রশাসক মহোদয়

ঢাকাকে অর্পিত ৪৭৯/১২ বাদীদের পক্ষে অবমুক্তির প্রয়োজনে যথাযথ ব্যবস্থা নেয়ার নির্দেশ প্রদান করা হলো।

স্বা/- অস্পষ্ট

৫১
৩০.১০.২০১৬

অদ্য ডিক্রী প্রস্তুত আমার স্বাক্ষর ও আদালতের সীল মোহর যুক্ত মতে দেওয়া গেল।

স্বা/- অস্পষ্ট

৫২
২২.০৮.২০১৭

অদ্য মাননীয় জেলা জজ আদালত এর স্মারক নং- ৬৮৪, তারিখ- ২১.০৮.১৭ ইং মূলে অর্পিত আপীল ১১/১৭ নং মোকদ্দমার বরাতে অত্র মোকদ্দমার তলব পত্র পাওয়া গেল।

দেখিলাম। সত্বর নথি প্রেরণ করা হোক।

স্বা/- অস্পষ্ট

৫৩
০৩.০১.২০১৮

মাননীয় জেলা জজ আদালত ঢাকা হইতে স্মারক নং- ০৩, তাং- ০২.০১.১৮ ইং মোতাবেক অর্পিঃ আঃ ১১/১৭ এর ১৭.০৯.১৭ ইং আদেশ পাওয়া গেল উহা এইরূপ এই যে,

*In the above suit the appellant was not a party but he was preferred this appeal as a third person. There is no provision in the Arpation Shampatio Tribunal Ain providing for an appeal by a person which is not party in original suit. As such the appeal is summarily dismissed on contest without any order as to cost.*

দেখিলাম। উক্ত আদেশটি নথিভুক্ত রাখা হইল।

স্বা/- অস্পষ্ট

৫৪
০৩.০১.২০১৮

মাননীয় জেলা জজ আদালত ঢাকা হইতে স্মারক নং- ০৪, তাং- ০২.০১.১৮ ইং মোতাবেক অর্পিঃ আঃ ২০/১৭ এর ০২.১১.১৭ আদেশ পাওয়া গেল উহা এইরূপ এই যে,

*ORDERED*

*That the Arpita Sampatti Protarpon Tribunal Appeal case be dismissed on contest against the respondents without any order as to cost. The impugned Judgment and decree passed by the learned Judge of the Arpita Sampatti Protarpon Tribunal and Senior Assistant Judge, Savar Court, Dhaka in অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ ট্রাইব্যুনাল মামলা নং- 479 of 2012 on 25.10.2016 is hereby affirmed.*

দেখিলাম। উক্ত আদেশটি নথি ভুক্ত রাখা হইল।

স্বা/- অস্পষ্ট

৫৫
০৭.০১.২০১৮

এই নথিটি একটি নিষ্পত্তিকৃত মোকদ্দমা। বাদী পক্ষ এক দরখাস্ত দিয়া দরখাস্তে বর্নিত কারনে তাহাদের দাখিলীয় মূল কাগজ পত্র ফেরত দানের প্রার্থনা করিয়াছে।

দেখিলাম। সত্যায়িত ফটোকপি দাখিল সাপেক্ষে প্রার্থনা মঞ্জুর করা হইল।

স্বা/- অস্পষ্ট

৫১
১৩.১০.২০১৬

মাননীয় জেলা জজ মহোদয়ের স্মারক নং- ৪, তাং- ০২.০১.১৮ ইং মূলে অর্পিত আঃ ১১/১৭ নং মামলার রায়ের কপিসহ অত্র নথি পাওয়া গেল। সংক্ষেপে আপীল আদালতের রায়ের আদেশ নিম্নরূপ ঃ

*That the Arpita Sampatti Protarpon Tribunal Appeal case be dismissed on contest against the respondents without any order as to cost. The impugned Judgment and decree passed by the learned Judge of the Arpita Sampatti Protarpon Tribunal and Senior Assistant Judge, Savar Court, Dhaka in অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ ট্রাইব্যুনাল মামলা নং- 479 of 2012 on 25.10.2016 is hereby affirmed.*

*দেখলাম রায়ের কপি নথিভুক্ত রাখা হোক।*

*স্বা/- অস্পষ্ট*

*৫২*
*১৪.১১.২০১৯*

*মাননীয় জেলা জজ মহোদয়ের স্মারক নং- ৫২৫, তারিখ- ১৪/১১/১৯ ইং মূলে অর্পিত আঃ ১১/১৭ এর সংগে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন- ১৩৭৬০/০৮ এর প্রয়োজনে অত্র নথি তলব দিয়েছেন। দেখলাম। নথি অদ্যই মাননীয় জেলা জজ আদালতে প্রেরণ করা হোক।*

*স্বা/- অস্পষ্ট*

গুরুত্বপূর্ণ বিধায় বাদী এবং বিবাদী পক্ষের সাক্ষীগনের সাক্ষ্য নিম্নে অবিকল অনুলিখন হলো ঃ

*জবানবন্দি লিখিবার ধারা*

*শ্রী মাধব চন্দ্র সাহা পোদ্দার*
*পিতা- মৃত শ্রী বীরেশ চন্দ্র সাহা পোদ্দার*
***পি, ডাব্লিউ- ১***

*আমি ১ নং দরখাস্তকারী। ২ নং দরখাস্তকারী আমার ভাই। নালিশী জমি সাভার থানাধীন গেন্ডারিয়া মৌজায় অবস্থিত। নালিশী জমির সি, এস, খতিয়ান- ১, এস, এ খতিয়ান -২, আর, এস খতিয়ান নং ২২৬। সি, এস ও এস, এ দাগ নং ৩০, ৭২ এবং ৭৮। আর, এস, দাগ নং ৪৪, ৪৮, ৩১২ এবং ৩১৩। নালিশী জমি পরিমান ১৫.৫৬ একর। নালিশী জমির মালিক ছিলেন আমার দাদা ক্ষেত্র মোহন সাহা পোদ্দার। তিনি একমাত্র পুত্র বীরেশ চন্দ্র সাহা পোদ্দারকে ওয়ারিশ বিদ্যমানে মৃত্যুবরন করে। আমার পিতা পৈত্রিক ওয়ারিশ সূত্রে ভোগ দখলে থাকাবস্থায় আমাকে এবং আমার ভাই এবং দরখাস্তকারীকে ওয়ারিশ বিদ্যমানে মারা যায়। এই ভাবে আমরা মালিক হয়ে ভোগ দখলে আছি। নালিশী জমিতে আমাদের টিনের ঘর, আম-কাঁঠাল লীচু সহ বিভিন্ন মৌসুমী ফলের গাছ আছে। নালিশী জমিতে আমার দাদা, বাবা এবং তদপর আমরা ক্রমন্বয়ে ভোগ দখল করে আসছি। নালিশী জমি সম্প্রতি প্রকাশিত অর্পিত সম্পত্তির তালিকায় আমাদের জমি ভুলবশতঃ ও বেআইনীভাবে ৭৫৮ নং ক্রমিকে তালিকাভূক্ত হয়েছে। সরকার কখনো নালিশী জমি ভোগ দখলে ছিল না। আমরাই সব সময় দখলে ছিলাম। সরকার নালিশী সম্পত্তি অর্পিত সম্পত্তির তালিকাভূক্ত করায় আমরা নালিশী সম্পত্তি অবমুক্তির প্রার্থনা করেছি। আমি প্রার্থীত মতে ডিক্রী চাই। আমি ১ নং সি, এস*

খতিয়ান, ২ নং এস, এ খতিয়ান এবং ২২৬ নং আর, এস খতিয়ানের সহীমুহরী নকল আদালতে দাখিল করেছি। প্রদর্শনী-১ (সিরিজ)। আমি আমার এবং আমরা প্রত্যেকে জাতীয় পরিচয় পত্রের মূল কপি দাখিল করেছি। প্রদঃ ২ (সিরিজ)। আমি আমাদের জন্ম সনদপত্রের মূল কপি দাখিল করলাম। প্রদঃ ৩ (সিরিজ)। আমি সিটি প্রত্যয়নপত্র মূল কপি দাখিল করলাম। প্রদঃ ৪ (সিরিজ)। আমি নালিশী ভূমি বাবদ গ্যাজেটের সত্যায়িত ফটোকপি দাখিল করলাম। আমি প্রার্থীত মতে প্রতিকার চাই।

স্বা/-
০৭/০৭/১৫

জবানবন্দি

সত্য নয় যে, নালিশা সম্পত্তি সরকারের সম্পত্তি। সত্য নয় যে, ১৯৬৫ সনে পাক ভারত যুদ্ধের সময় **S.A.** মালিকগন দেশ ত্যাগ করে ভারত চলে যায়। সত্য নয় যে, নালিশী সম্পত্তি সঠিকভাবে অর্পিত সম্পত্তির তালিকাভুক্ত করে ইজারা দেয়া হয়েছে। সত্য নয় যে, ২৯৫/৭৫ নং **VP Case** মূলে নালিশা সম্পত্তি **census** ও প্রত্যর্পন সম্পত্তির তালিকাভুক্ত করা হয়। সত্য নয় যে, লীজ গ্রহীতারা নালিশী সম্পত্তির দখলে আছে। সত্য নয় যে, **RS** খতিয়ানে মালিকের নামের নীচে হাল সাং ভারত পক্ষে বাংলাদেশ সরকার সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে। সত্য নয় যে, **RS record** পর সময় **SA** মালিকদের দখলে পাওয়া যায় নাই। সত্য নয় যে, নালিশী সম্পত্তি প্রত্যর্পনযোগ্য সম্পত্তি এবং সঠিকভাবে ক তালিকাভুক্ত হয়েছে।

জেরা **xxx:**

নালিশী **SA** দাগ ৪টি। ৪ টি দাগেই আমি দাবী করি। (অসমাপ্ত)

স্বা/-০৮.১০.১৫

জেরা **xxx**
১৮.১০.১৫

আমার দাখিলী **CS** পর্চা নং -১, **CS** মালিক রমনী মোহন রায় আমার কিছু হয় না। বিরেশ চন্দ্র সাহা পোদ্দার **CS** মালিক রমনী মোহনের আত্মীয় নয়। আমার দাদা ক্ষেত্র মোহন সাহা পোদ্দার নালিশী সম্পত্তি রমনী মোহন এর কাছ থেকে বন্দোবস্ত নিয়েছিল। বন্দোবস্ত সংক্রান্ত কাগজপত্র দাখিল করেছি।

সত্য নয় যে, বন্দোবস্ত সংক্রান্ত কোন কাগজ দাখিল করি নাই। **SA**-৩০, ৭২, ৭৮ দাগ নিয়ে মামলা করেছে। ৩০ দাগে ১৫.০২ একর, ৭২ দাগে ১৬ শতক, ৭৮ দাগে ৭৪ শতক দাবী করি। সত্য নয় যে, বিরেশ চন্দ্র সাহা পোদ্দার ১৯৬৫ সনের পাক ভারত যুদ্ধের পূর্বেই ভারত চলে যায় বা ২৯৫/৭৫

নং **VP case** মূলে নালিশী সম্পত্তি অর্পিত সম্পত্তি হিসাবে ঘোষিত হয়। সত্য নয় যে, বিরেশ চন্দ্র সাহা ভারত চলে যাওয়ায় **RS** খতিয়ানে শুদ্ধভাবে তার হাল সাং ভারত, পক্ষে বাংলাদেশ সরকার হিসাবে রেকর্ড হয়। ২০১১ সালে **RS record** ভুল মর্মে মামলা করি। মামলার কাগজপত্র দাখিল করেছি। নম্বর জানা নাই। মামলা **abate** হয়ে যায়। বিরেশ চন্দ্র আমার পিতা মর্মে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করেছি। সত্য নয় যে, কোন কাগজপত্র দাখিল করি নাই। কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র প্রমাণের জন্য তাকে দিয়ে সাক্ষ্য দেয়াব। সত্য নয় যে, আমার দাখিলা প্রত্যয়নপত্র যোগসাজশী। সত্য নয় যে, নালিশী সম্পত্তি সঠিকভাবে ক তালিকা ভূক্ত হয়েছে। সত্য নয় যে, নালিশী সম্পত্তি সরকার এর দখল ও নিয়ন্ত্রনে। সত্য নয় যে, সরকারী সম্পত্তি আত্মসাতের উদ্দেশ্যে কাগজপত্র সৃজন করে মিথ্যা সাক্ষ্য দিলাম। সত্য নয় যে, আমার মামলা খারিজ হবে।

স্বা/-
১৮.১০.১৫

জবানবন্দি লিখিবার ধারা

মোঃ রেজাউল করিম
পিতা- মৃত সেকান্দার আলী মিয়া

## ডি, ডাব্লিউ- ১

আমি মামলার বিবাদী। সরকার পক্ষে সাক্ষ্য দিব। মামলার সাক্ষ্য প্রদানের আমাকে কর্তৃপক্ষ ক্ষমতা পত্র দিয়েছে। এই সেই ক্ষমতা পত্র প্রঃ “ক” । নালিশী সম্পত্তি **S.A.** খতিয়ান-২। **S.A.** দাগ ৩০। মোট জমির পরিমান ১৫.২ একর। **S.A.** রেকর্ডীয় মালিক বিরেশ চন্দ্র সাহা। **R.S. 226** খতিয়ান যার দাগ ৩১২। জমির পরিমান **R.S.** মোতাবেক ১৩.৮৪। **R. S.** রেকর্ডটি বীরেশ চন্দ্র সাহা পিতা-ক্ষেত্র সাহা হাল সাং ভারত পক্ষে **customian** বাংলাদেশ সরকার। **R.S.** রেকর্ডটি সঠিক। **B.A** এবং **K.S** রেকর্ডটি অর্পিত ২২৮৭/১২ নং মামলায় দাখিল আছে। চলমান

স্বা/-
২৮.০১.১৬

জবানবন্দি লিখিবার ধারা

মোঃ ইসমাইল হোসেন
পিতা- মৃত দুখাই বেপারী

## *ডি, ডাব্লিউ- ২*

*অত্র মোকদ্দমার নালিশী সম্পত্তি সাভার থানার গান্দারিয়া মৌজায় অবস্থিত। **S. A** খতিয়ান ২। **S. A** দাগ ৩০। মোট জমির পরিমান ১৫১.২। আমি **S. A** পর্চার সইমহুরী মূল কপি দাখিল করলাম প্রদর্শনী- "ক"। আমাকে কর্তৃপক্ষ সাক্ষী দেয়ার জন্য ক্ষমতা দিয়েছেন ০৮.০২.২০১৬ আমি এর মূল কপি দাখিল করলাম প্রদর্শনী- "খ"। **R. S** খতিয়ান ২২৬। **R. S** দাগ নং- ৩১২। মোট জমির পরিমান ১৩০.৮৪ শতাংশ। **R. S** রেকর্ড বিরেশ চন্দ্র সাহা, পিতা- ক্ষেত্র মোহন সাহা, হাল সাং- ভারত পক্ষে ডেপুটি কাস্টডিয়ান এনেমি প্রপার্টি ল্যান্ডস (অস্পষ্ট) বিল্ডিং এর নামে রেকর্ড হয়। আমি **R. S** রেকর্ড এর মূল কপি দাখিল করলাম প্রদর্শনী- "গ"। এই রেকর্ড শুদ্ধভাবে রেকর্ড হয়েছে। এস. এ. রেকর্ডের পরে বিরেশ চন্দ্র সাহা পাক-ভারত যুদ্ধের সময় কোনরূপ হস্তান্তর না করে ভারত চলে যান। পরবর্তী সময়ে সরকার ২৯৫/৭৫ ভিপি কেস চালু করেন। আমি ঐ আদেশের সত্যায়িত ফটোকপি ২৮ ফর্দ দাখিল করলাম। নালিশী সম্পত্তি আমরা সাভার থানার অসহায় পরিবার পূর্ণবাসন বহুমুখী সমবায় সিমিতি লিঃ আবুল বাশার গংদের বিভিন্ন পরিমানে লিজ দেয়া হয়। আমরা ১৪২০ পর্যন্ত লীজ মানি পরিশোধের চিঠির সত্যায়িত ফটোকপি দাখিল করলাম। ৬৪ ফর্দ। এই চিঠির প্রেক্ষিতে তারা লীজ পরিশোধ করেন। তাদের কর্তৃক মানি পরিশোধের রশিদ ও চিঠির সত্যায়িত ফটোকপি ১৪ ফর্দ দাখিল করলাম। এই নালিশী সম্পত্তি হলো অর্পিত/অনাবাদী সম্পত্তি। এই সম্পত্তি 'ক' তালিকায় ৭৫৮ নং ক্রমিকে শুদ্ধ ভাবে এসেছে। নালিশী সম্পত্তি লীজ এর মাধ্যমে সরকার দখল করেন। বাদী যে মালিকানা দাবী করেন তা মিথ্যা। বাদীর কোন দখল নাই। এই মামলায় বাদী কোন অবমুক্তির আদেশ পেতে পারেন না। আমি বাদীর মামলা খারিজ চাই।*

*XXX বাদী পক্ষে*

*আমি ভূমি সহকারী কর্মকর্তা হিসেবে আমিন বাজার ভূমি অফিসে ২০১৫ সনের জানুয়ারী মাসে যোগদান করি। এর আগে আমি গুলশানে ছিলাম।*

*অসমাপ্ত*
*২৩.০৩.১৬*

*বাদী পক্ষে বাদী জেরা xxx ০৭.০৮.১৬*

*26. It is settled principle that the relief which cannot be granted in the Rule should not be granted in the interim prayer. An interim relief can be granted only in aid of and as ancillary to the main relief which may be available to the party on final determination of his right in a proceeding. The main purpose of passing an interim order is to evolve a workable formula or the workable arrangement to the extent called for by the demands of the situation. It is well settled that an interim order merges with the final order and does not exist by itself. An interim order would be non-est in the eye of law when the Rule is discharged. It must, in such circumstances, take effect as if there were no interim order. Here in this case, the respondent hurriedly obtained the interim order and rushed to the Artha Rin Adalat and obtained the decrees as mentioned above. Thereafter, the writ petitioner prayed for discharging the Rule issued in the writ petition as not being pressed. After discharging the Rule, the interim order became non-est and the basis of the aforesaid two decrees lost its existence, and, consequently, the decrees became nullity.*

*27. The writ petitioner-respondent moved Contempt Petition No. 239 of 2019 on 28.04.2019 against the leave petitioner No. 2*

*alleging violation of the order dated 05.10.2017 passed in Writ Petition No. 13673 of 2017. The said order was non-est in the eye of law because of Rule issued in the said writ petition was discharged long before initiation of contempt proceeding. Every person is liable to make full and correct statement in his petition. Suppression of the fact of getting the Rule discharged and production of such non-est interim direction at the time of filing of the contempt petition bringing allegation of violation of the said non-est interim order and obtaining Rule on such misconceived contempt petition is tantamount to practising fraud upon the Court, Knowing full well about the non-existent interim order, the respondent made false representation before the Court of law with dishonest intention, so he is guilty of practising fraud upon the Court,*

*28. The leave petitioners have filed this leave petition against the interim order dated 5.10.2017 passed in Writ petition No. 13673of 2017 inasmuch as the said interim order does not exist after the Rule was discharged. But fact remains that pursuant to the interim order, the Artha Rin Adalat decreed the suits in Artha Rin Suit Nos. 382 of 2016 and 1618 of 2016. In view of such peculiar and extraordinary circumstances we have no option but to set aside those decrees exercising our jurisdiction vested under article 104 of the Constitution. When collusion and fraud have been established and illegal order/direction and decrees have been obtained from the Courts this Court cannot shut its eyes and remain a silent spectator. This Court must come forward to undo the wrongs by setting aside the illegal decrees. This apex Court has the duty and obligation to rise to the occasion in order to do substantial and complete justice. Since collusion and fraud affect the solemnity, regularity and orderliness of the proceedings of the Courts this Court, in exercise of its extra-ordinary power is authorized to set aside the decrees obtained illegally by collusion.*

***29. It is to be remembered here that it is the duty of the Judges to maintain high ethical standard and impartiality. It is duty of the Judges to act at all***

***times in a manner that promotes public confidence in respect of the integrity and impartiality of the Judges and the judiciary as a whole. In view of the facts and circumstances stated above what would be the perceptions of a reasonable person?***

***30. A reasonable person would perceive that the Judges ability to carry out judicial responsibilities with integrity honesty, impartiality and conduct reflects adversely on their honesty impartiality, temperament and fitness to serve as Judges.***

***31. The learned Judges of the High Court Division have issued an absolutely illegal order directing the Artha Rin Adalat to decree the suits in a specified manner which has eroded the confidence of the litigants to the suits and will have the effect of undermining the credibility of the Judiciary as whole.***

*32. Similarly the lawyers hearing officers of the Court are equally responsible to maintain the dignity prestige and image of the Court as well as the judiciary as a whole. In this case they totally failed to perform their duties as deserved by the Court. Particularly, the lawyer, who filed contempt petition bringing allegation of violation of the interim order after getting the order discharging the Rule issued in Writ Petition No. 13673 of 2017, must answer about his conduct and bona fide.*

*33. Accordingly, the leave petition is disposed of. The judgment and decrees dated 16.10.2017 passed by the Artha Rin Adalat No. 3, Dhaka in Artha Rin Suit Nos. 382 of 2016 and 1618 of 2016 are set aside. The Adalat is directed to proceed with both the suits in accordance with law. The Rule issued in Contempt Petition No. 239 of 2019 is hereby discharged.*

*34. Alhaj Md. Mizanur Rahman, proprietor of MR. Trading Company of No. 37, Dilkusha Commercial Area, Motijheel, Dhaka is directed to pay cost f Taka 1,00,00,000 (Taka one crore) within 15 (fifteen) days from the date of service of the copy of this order.*

*Let a copy of this order be communicated to Alhaj Md. Mizanur Rahman, Proprietor of MR Trading Company of No. 37, Dilkusha Commercial Area, Motijheel, Dhaka at once. The amount of said Taka 1,00,00,000 (Taka one crore) as cost is to be deposited in the account of this Court.*

নূর মোহাম্মদ খান বানাম রাইসা আজিজ বেগম [৭২ ডিএলআর (এডি) (২০২০) পাতা ১০] মোকদ্দমা এ পর্যায়ে গুরুত্বপূর্ণ বিধায় মোকদ্দমার প্যারা ১০৯, ১১২, ১১৪ এবং ১১৫ নিম্নে অবিকল অনুলিখন হলোঃ

*109. In fact the appeal was allowed by the High Court Division due to some unscrupulous Government Officials' illegal and collusive activities in favour of Khadiza.*

*112. It is a common knowledge that many Government Officials of various departments are situated on hired buildings. For this reason the Government has to bear huge expense for payment of rents. Therefore, it is our pious wish that the Government would retain the valuable property i.e. the suit property, itself, which is situated at the heart of Dhaka by allotting the same to any*

*Government Department or in the alternative the Government may construct a building for Government Departments/Officers, so that this valuable property does not again fall into the hands of land/property grabbers with the help of some unscrupulous Government Officials.*

*114. Before parting with the judgment, we could like to note that the power of this Court under article 104 of the Constitution is an extensive one though it is not used often or rendomly. It is generally used for doing complte justice in any cause or matter pending before it in rare occasions in exceptional or extra-ordinary cases for avoiding miscarriage of justice. To meet unwarranted and unpredicted exceptional situation this power is vested in this Division for doing complete justice. Article 104 widens our hands so that this Division is not prowerless in exceptional matters. The matters (appeals CPLA) in our hands are matters requiring exercise of this power, to save a valuable property of the Government from the clutches of greedy land/property grabbers, that too with the active collaboration and help from the Government Officials. Therefore, we have no other option than to exercise our power under article 104 of the Constituion. In the instant matters, it is absolutely necessary to do so.*

*115. Moreover, if we do not exercise the power, given by our beloved Constitution under article 104 in these matters, it would give a wrong massage to the unscrupulous land/property grabbers and in such case this judgment would be used as a tool/device to grab other Government properties with the seal of the Court. Therefore, under compelling circumstances, we have exercised our power under article 104 of the Constitution in dealing with the appeals and the CPLA for doing complete justice.*

গুরুত্বপূর্ণ বিধায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বর্ষপঞ্জি তথা ক্যালেন্ডারের উপরের অংশে বর্নিত উদ্ধৃতিসমূহ এই মোকদ্দমার সাথে সামঞ্জস্যপূর্ণ বিধায় নিম্নে অবিকল অনুলিখন হলোঃ

*"যারা সৎ পথে জীবিকা অর্জন করে, তারা আল্লাহর প্রিয় বন্ধু"*

*-আল কোরআন।*

*"সরকারি কর্মচারীদের প্রতি আমার নির্দেশ দায়িত্ব পালনে আরো মন দিন। প্রশাসন থেকে দুর্নীতি দূর করুন।"*

*- বঙ্গবন্ধু।*

*"মুক্তির সংগ্রামের চেয়েও দেশে গড়ার সংগ্রাম কঠিন; তাই দেশ গড়ার কাজে আমাদের সর্বশক্তি নিয়োগ করতে হবে।"*

*- বঙ্গবন্ধু।*

*"ঘুষদাতা ও ঘুষ-গ্রহীতা উভয়ই জাহান্নামি"*

*- আল হাদিস।*

*"মানুষের জন্য প্রশাসন, প্রশাসনের জন্য মানুষ নয়"*

*- শেখ হাসিনা।*

*"আমরা মানুষের কল্যাণে কাজ করতে অঙ্গীকারবদ্ধ"*

*- শেখ হাসিনা।*

*দুর্নীতি ছেড়ে সেবা দিন, নৈতিকতার শপথ নিন।*

*বাংলাদেশের কৃষক, শ্রমিক, গার্মেন্টস শ্রমিক, সকল প্রকার শ্রমজীবী মানুষ এবং বাংলাদেশের অন্যতম শ্রেষ্ঠ সন্তান তথা বৈদেশিক মুদ্রা অর্জনকারী শ্রমিক ভাইবোনদের রক্ত পানি করা শ্রমের টাকায় আমাদের মত রাষ্ট্রের সকল বেতনভোগী কর্মকর্তা কর্মচারী, বিচারক, বিচারপতি, সামরিক বেসামরিক বাহিনীর সকল কর্মকর্তা কর্মচারীদের অন্ন সংস্থানের মাধ্যম। উপরিল্লিখিত শ্রমিক ভাই-বোনদের কষ্টার্জিত অর্থে আমাদের পরিবারের ভরণপোষণ, পড়ালেখা, যাবতীয় সকল রকম সুযোগ সুবিধা ব্যবস্থা হয়। উপরিল্লিখিত মেহনতি শ্রমিক ভাইবোনেরা আমাদের মত সকল বেতনভোগীদের তাদের কষ্টার্জিত অর্থ প্রদান করে এই জন্য যে, আমরা যেন আমাদের নিজ নিজ দায়িত্ব সৎভাবে, দক্ষতার সাথে, নিরপেক্ষতার সাথে এবং দেশপ্রেমের সাথে করতে পারি। আমাদের মেহনতি শ্রমিক ভাই-বোনেরা কোনদিন দুর্নীতি, স্বজনপ্রীতি এবং দেশের সম্পদ লুট করার মতো কোন কর্ম করেনা। দেশের সম্পদ লুটতরাজ করে হাতেগোনা কতিপয় কর্মকর্তা-কর্মচারী। মেহনতি কৃষক শ্রমিক ভাই-বোনদের কষ্টার্জিত অর্থ সকল বেতনভোগী কর্মকর্তা কর্মচারীদের জন্য ব্যায় হচ্ছে। কিন্তু দুর্ভাগ্যবশত কিছু সংখ্যক বেতনভোগী কর্মকর্তা কর্মচারী কৃষক-শ্রমিক ভাই-বোনদের সম্পদ দুর্নীতির মাধ্যমে আত্মসাৎ-এ লিপ্ত। মেহনতি কৃষক শ্রমিকের রক্ত পানি করা অর্থ কিছু সংখ্যক দুর্নীতিবাজ কর্মকর্তা-কর্মচারী লুটেরা বাহিনীর মতো লুট করে নিয়ে যাচ্ছে। জনগনের বেতনভোগী এসব দুর্নীতিবাজ সামরিক-বেসামরিক সরকারী কর্মকর্তা কর্মচারী, বিচারক, বিচারপতিদের জনগনের আদালতে দাঁড় করানোর এখনই সময় । কেবলমাত্র তাহলেই আইনের শাসন প্রতিষ্ঠা সম্ভব হবে।*

*জনগনের সম্পত্তি দেখভালের সর্বশেষ স্তরে জনগন বিচারকগনের উপর আস্থা রেখেছেন। সুতরাং বিচারকগনের বিশাল গুরুদায়িত্ব হলো জনগনের সম্পত্তি যেন কোন জোচ্চর, ঠক, বাটপার এবং জালিয়াত চক্র গ্রাস করতে না পারে।*

*যেকোন মোকদ্দমার বিষয়ে সিদ্ধান্তে উপনীত হওয়ার নিমিত্ত প্রদত্ত যুক্তিসমূহ সবচেয়ে গুরুত্বপূর্ণ। সিদ্ধান্তে উপনীত হওয়ার কারণসমূহ যথেষ্ট যুক্তিসম্পন্ন হতে হবে। যুক্তিহীন রায় বিচার বিভাগকে জনগনের নিকট প্রশ্নবিদ্ধ করে। সিদ্ধান্তে উপনীত হওয়ার কারণগুলি যুক্তিসম্মত না হলে সে সিদ্ধান্ত বা রায় জনমনে আস্থাহীনতার সৃষ্টি করে।*

*বিচারকের প্রজ্ঞা ও সততা* ***(wisdom and integrity)*** *ছাড়া মানসম্মত বিচার ব্যবস্থা কল্পনা করা যায় না।*

*বিচারকের প্রজ্ঞা ও সততা এবং রায় প্রদানকালে তার সিদ্ধান্ত প্রদানের কারণগুলি যদি যুক্তিসম্মত এবং নৈতিকতাসম্পন্ন না হয় তবে সে বিচার ব্যবস্থা উন্নত বিচার ব্যবস্থায় নিজেকে কখনই অধিষ্টিত করতে সক্ষম হবে না।*

*বিচারকের রায় হবে সহজ সরল মাতৃভাষায় তথা বাংলা ভাষায়, সিদ্ধান্তে উপনীত হওয়ার কারণগুলো হবে শ্রেষ্ঠ যুক্তির উপর প্রতিষ্ঠিত, বিচারিক বিবেচনাপ্রসূত। একজন সহজ সরল সাধারণ মানুষ পড়ে যেন উক্ত সিদ্ধান্তের কোন ভুল ধরতে না পারে।*

অধস্তন আদালতসমূহের মধ্যে ঢাকা জেলা জজ আদালত বাংলাদেশের সবচেয়ে গুরুত্বপূর্ণ আদালত। এটি প্রথমত রাজধানীতে অবস্থিত। দ্বিতীয়ত ঢাকা জেলা জজ এর আওতাধীন বাংলাদেশের সবচেয়ে মূল্যবান আকাশচুম্বীসহ গুরুত্বপূর্ণ স্থাপনা, অফিস, আদালত, বাণিজ্যিক প্রতিষ্ঠান সম্পত্তি অবস্থিত। এছাড়া ঢাকা জেলা জজ এর আওতাধীন বাংলাদেশের সকল গুরুত্বপূর্ণ ব্যবসায়িক প্রতিষ্ঠানের প্রধান অফিস অবস্থিত। এককথায় ঢাকা জেলা জজ আদালত বাংলাদেশের সকল জেলা জজ আদালত থেকে অবস্থানগত কারণে

সবচেয়ে গুরুত্বপূর্ণ। সুতরাং এটা ধরে নেয়া হয় যে, বাংলাদেশের সকল জেলা জজ পদমর্যাদার ব্যক্তিগনের মধ্য হতে সততা, প্রজ্ঞা, দক্ষতা এবং নীতিনৈতিকতায় যিনি সর্বশ্রেষ্ঠ তাকেই ঢাকা জেলার জেলা জজ হিসেবে নিয়োগ প্রদান করা হয়। ঢাকার জেলা জজ বাংলাদেশের অধস্তন আদালতের সকল বিচারকের মধ্যে শ্রেষ্ঠ এটা বলার অপেক্ষা রাখেনা। ঢাকার জেলা জজ বাংলাদেশের সকল অধস্তন আদালতের বিচারকদের অনুকরনীয়, অনুস্মরনীয় এবং আদর্শ বিচারক। ঢাকার জেলা জজের নিকট থেকে জাতির অনেক প্রত্যাশা। কারণ তিনি তার কর্মদক্ষতায় বাংলাদেশের উন্নয়নে ব্যাপক অবদান রাখেন।

*প্রকৃত মালিক বিহীন বাংলাদেশের সকল অর্পিত সম্পত্তি সংবিধানের অনুচ্ছেদ ১৪৩ মোতাবেক প্রজাতন্ত্রের তথা জনগনের সম্পত্তি এবং সংবিধানের অনুচ্ছেদ ২১ মোতাবেক জাতীয় সম্পত্তি* ***(Public Property)*** *তথা পাবিলক ট্রাষ্ট সম্পত্তি* ***(Public Trust Property))****। এটি অবশ্যই খন্ডনযোগ্য। কেবল মাত্র প্রকৃত মালিক যথাযথ ভাবে পরিচয়* ***(identity)*** *প্রমান করতে পারলে ফেরতযোগ্য।*

*সংবিধানের অনুচ্ছেদ ২১(১) মোতাবেক জাতীয় সম্পত্তি রক্ষা করা প্রত্যেক নাগরিকের কর্তব্য। সংবিধানের অনুচ্ছেদ ২১(২) মোতাবেক জাতীয় সম্পত্তি রক্ষা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির অবশ্য কর্তব্য।*

*অর্পিত সম্পত্তি আপিল আদালতের তর্কিত রায় সহজ সরল পাঠে এটি কাঁচের মত পরিস্কার যে, রায়টি বিচারকের প্রজ্ঞা এবং পুংখানুপুংখ যুক্তি প্রদর্শনপূর্বক একটি রায় নয়।*

হাজার কোটি টাকার সম্পত্তির মালিক পৌরসভার হোল্ডিং ট্যাক্স প্রদান করেন নাই। হাজার কোটি টাকার সম্পত্তি মালিকের বিদ্যুৎ বিলের কোন কাগজ নাই। হাজার কোটি টাকার সম্পত্তির কোন সরকারী খাজনা প্রদানের রশিদ নাই। হাজার কোটি টাকার সম্পত্তির মালিককে স্থানীয় তথা সাভার থানার কেহ চিনে না। স্থানীয় নির্বাচিত প্রতিনিধি থেকে কোন সনদ দেখাতে ব্যর্থ হয়েছেন।

*স্বীকৃতমতেই যেখানে নালিশী সম্পত্তিতে ১৯৬৫ সালে সেনসাস লিষ্ট অনুযায়ী প্রথমে শত্রু সম্পত্তি পরবর্তীতে* ***Vested Property*** *এবং বর্তমানে অর্পিত সম্পত্তি তালিকাভুক্ত হয় এবং ২৯৫/৭৫ ভিপি কেস মূলে বিভিন্ন ব্যক্তি এবং দরখাস্তকারী সমিতিতে ১৯৭৫ সালে লীজ প্রদান করা হয়। আবেদনকারীদ্বয় মাধব চন্দ্র সাহা পোদ্দার এবং তাহার ভাই শ্রী রোহী*

*চন্দ্র সাহা কেন তাদের কয়েক হাজার কোটি টাকার সম্পত্তিকে পরিত্যাক্ত রেখে দীর্ঘ ৪০/৫০ বৎসর নীরব ছিলেন সে বিষয়ে কোন বক্তব্য নাই।*

*প্রায় হাজার কোটি টাকা মূল্যের মূল্যবান সম্পত্তির তথাকথিত মালিক দাবিকারী মূল মোকদ্দমায় ১ নং আবেদনকারী শ্রী মাধব চন্দ্র সাহা পোদ্দার পি, ডাব্লিউ -১ হিসাবে সাক্ষ্য প্রদানকালে বলেন যে, নালিশী জমিতে আমার টিনের ঘর আছে। কয়েক হাজার কোটি টাকার সাভারের সম্পত্তির মালিক নালিশী জমিতে শুধুমাত্র একটি টিনের ঘর করতে ৪০/৫০ বৎসরে সমর্থ হন।*

*মূল মামলার আবেদনে তথা অপির্ত সম্পত্তি মোকদ্দমা নং ৪৭৯/২০১২ এর আবেদনের হলফনামায় ১ নং আবেদনকারী শ্রী মাধব চন্দ্র সাহা পোদ্দার এবং তার ভাইয়ের ঠিকানা কালসি, সেকশন ১২, ব্লক-গ, পল্লবী, থানা মিরপুর জেলা ঢাকা-১২১৬ বর্ণনা করেন। সাভার শহরের কয়েক হাজার কোটি টাকার সম্পত্তির মালিক নিজের সম্পত্তিতে না থেকে মিরপুরের কালসিতে ভাড়া বাসায় কেন থাকেন তার কোন ব্যাখ্যা নাই। এমনকি কালসী কত নম্বর বাসায় থাকেন এবং সেই বাসার হোল্ডিং নাম্বারও প্রদান করেন নাই। অর্থাৎ আবেদনকারীদ্বয় যে প্রকৃতপক্ষে ভূয়া এবং জালিয়াত তা দিনের আলোর মত প্রমাণিত সত্য।*

মূল মামলার হলফনামায় ১নং আবেদনকারী শ্রী মাধব চন্দ্র সাহা পোদ্দার, বয়স ৬৫(পয়ষট্টি) বৎসর পেশা- চাকুরী, ধর্ম- ইসলাম, ঠিকানা উভয় কালসি, সেকশন-১২, ব্লক- ‘গ’, পল্লবি, থানা-মিরপুর, জেলা-ঢাকা-১২১৬ বর্ননা করেছেন। কিন্তু তিনি কোথায় চাকুরী করতেন সে বিষয়ে নথিতে কোন তথ্য নাই। অর্থাৎ শ্রী মাধব চন্দ্র সাহা পোদ্দার হলফ

করে আদালতে মিথ্যা বলেছেন। এমনকি ধর্ম ইসলাম লিখে আদালতের সাথে প্রতারণা করেছেন।

অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আপীল ট্রাইব্যুনাল এবং জেলা জজ, ঢাকা কর্তৃক অর্পিত সম্পত্তি ট্রাইব্যুনাল আপীল মোকদ্দমা নং ২০/২০১৭ এর প্রদত্ত বিগত ইংরেজী ০২.১১.২০১৭ এ রায় প্রদানকালে অর্পিত সম্পত্তি আইন, ২০০১-এ বর্ণিত বিধি বিধান পরিপূর্ণভাবে পালন না করে রায় প্রদান করেন।

আপীল আদালতের রায় সহজ সরল পাঠে এটি কাঁচের মত স্পষ্ট যে, আপীল আদালত অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১-এ ধারা ১০ উপধারা ৬ (গ) মোতাবেক মূল মোকদ্দমার আবেদনকারীদ্বয় তথা মাধব চন্দ্র সাহা পোদ্দার (অত্র ২ নং প্রতিপক্ষ) এবং রোহী চন্দ্র সাহা যে ক্ষেত্র মোহন পোদ্দারের সন্তান সে সম্পর্কে সত্যাসত্য অনুসন্ধানের উদ্দেশ্যে বিচার বিভাগীয় কর্মকর্তা, সরকারী কর্মকর্তা কিংবা আপীল আদালতের বিবেচনায় যে কোন কর্মকর্তাকে নির্দেশ প্রদান করে আবেদনকারীদ্বয়ের মালিকানার বিষয়ে সঠিক অনুসন্ধান করে উক্ত অনুসন্ধানের ভিত্তিতে রায়টি প্রদান করেন নাই। এমনকি ধারা ১০ উপধারা (৮) (চ) মোতাবেক আপীল আদালত তার প্রদত্ত সিদ্ধান্ত প্রদান কালে উপস্থাপিত সাক্ষ্যের সংক্ষিপ্ত বিশ্লেষণ ও মূল্যায়ন সহ সিদ্ধান্তের কারণ বর্ণনা করেন নাই।

গুরুত্বপূর্ণ বিধায় দেওয়ানী কার্যবিধির ধারা ১০৭ নিম্নে অবিকল অনুলিখন হলোঃ

> ***107.*** *(1) Subject to such conditions and limitations as may be prescribed, an Appellate Court shall have power-*
>
> *(a) to determine a case finaly;*
>
> *(b) to remand a case;*
>
> *(c) to frame issues and refer them for trial;*
>
> *(d) to take additional evidence or to require such evidence to be taken.*
>
> *(2) Subject as aforesaid, the appellate Court shall have the same powers and shall perform as nearly as may be the same duties as are conferred and imposed by this Code on Courts of original jurisdiction in respect of suits instituted therein.*

শফি এ চৌধুরী বনাম পূবালী ব্যাংক (৫৪ ডিএলআর ৩১০) মোকদ্দমায় মাননীয় বিচারপতি এ. বি. এম. খায়রুল হক (পরবর্তীতে বাংলাদেশের প্রধান বিচারপতি) অভিমত প্রদান করেছেন যে,

> *9. There is hardly any doubt that section 107 of the Code clothes the Appellate Court with all the powers of the Court of original jurisdiction. Reliance in this respect may be made in the decisions reported in AIR 1924 Nagpur 80, AIR 1942 Cal 539, AIE 1951 All 64 FB, AIR 1969 (SC) 1349. The appellate Court can also take into consideration subsequent events and even the change in law (Ref. AIR 1928 Cal 43, AIR 1931 Bom 280, AIR 1974 (SC) 2068).*
>
> *10. It appears that this provision of the Code amply empowers a Court in its first appellate jurisdiction to consider all and each question of fact as well as the law including the question relating to the rejection of a plaint and also the maintainability of the suit.*

গুরুত্বপূর্ণ বিধায় অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ২২ নিম্নে অবিকল অনুলিখন হলোঃ

*ট্রাইব্যুনাল ও আপীল ট্রাইব্যুনালের কার্যপদ্ধতি*

*২২। (১) ট্রাইব্যুনাল ও আপীল ট্রাইব্যুনাল এর সকল শুনানী প্রকাশ্যে অনুষ্ঠিত হইবে এবং উহার রায় প্রকাশ্যে ঘোষিত হইবে।*

*(২) এই আইনের বিধানাবলী সাপেক্ষে, ট্রাইব্যুনাল ও আপীল ট্রাইব্যুনাল বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতি অনুসরণ করিবে, এবং এইরূপ বিধি প্রনীত না হওয়া পর্যন্ত প্রচলিত নিয়ম ও পদ্ধতি অনুসারে উহার কার্যক্রম পরিচালনা করিবে।*

*(৩) আপীল ট্রাইব্যুনাল উহার নিকট উপস্থাপিত তথ্যগত বিষয়* ***(question of fact)*** *এবং আইনগত বিষয়* ***(question of law)*** *যথাযথ সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে এবং উহার রায় চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।*

*অর্পিত সম্পত্তি প্রত্যর্পন আইন, ২০০১ এর ধারা ২২(৩) মোতাবেক ট্রাইব্যুনালকে তথ্যগত বিষয়ে* ***(question of facts)*** *এবং আইনগত বিষয়* ***(question of law)*** *বিষয়ের উপর যথাযথ সিদ্ধান্ত প্রদানের ক্ষমতা প্রদান করা হয়েছে। কিন্তু বর্তমান মামলায় অর্পিত সম্পত্তি প্রত্যর্পন আপীল ট্রাইব্যুনাল ও জেলা জজ, ঢাকা অত্র আপীল মোকদ্দমা নিষ্পত্তিকালে তথ্যগত* ***(question***

*of fact) এবং আইনগত বিষয়ে (question of law) যথাযথ সিদ্ধান্ততো দূরের কথা বিন্দুমাত্র আলোচনাও করেন নাই।*

*অর্পিত সম্পত্তি আপীল ট্রাইব্যুনাল শুধুমাত্র বিবাদী আপিলকারী সরকারপক্ষকে দোষারূপ করে বাদী প্রতিপক্ষের পক্ষে রায় প্রদান করেন।*

বর্তমান মোকদ্দমায় নথিপত্র বিশ্লেষণে এটা স্পষ্ট প্রতিয়মান যে, অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ ট্রাইব্যুনাল আদালত দরখাস্তকারীদ্বয় শ্রী মাধব চন্দ্র সাহা পোদ্দার (অত্র ২নং প্রতিপক্ষ) এবং শ্রী রোহী চন্দ্র সাহা পোদ্দার নিজেদেরকে মূল মালিক ক্ষেত্র মোহন এর সন্তান দাবী করে মূল মালিকের উত্তরাধিকারী হিসেবে দরখাস্তটি দাখিল করেন। কিন্তু দরখাস্তকারীগণের মালিকানার বিষয়ে অর্পিত সম্পত্তি আপিল্যান্ট ট্রাইব্যুনাল তথা জেলা জজ, ঢাকা সত্যাসত্য অনুসন্ধানের উদ্দেশ্যে বিচার বিভাগীয় কর্মকর্তা, সরকারী কর্মকর্তা বা ট্রাইব্যুনালের বিবেচনায় অন্য যে কোন কর্মকর্তাকে নির্দেশ প্রদান করে মালিকানার বিষয়ে অনুসন্ধানের কোন পদক্ষেপ গ্রহণ না করে তথা দরখাস্তকারীদ্বয় নালিশী সম্পত্তির মূল মালিক ক্ষেত্রমোহন এর সন্তান অনুসন্ধান না করে, শুধুমাত্র তাদের দাখিলকৃত জাতীয় পরিচয় পত্র প্রদর্শনী- ২, জন্ম সনদ পত্র প্রদর্শনী- ৩ এবং সিটি কর্পোরেশনের নাগরিকত্ব সনদ পত্র প্রদর্শনী- ৪ বিবেচনা করে তাদেরকে কয়েক হাজার কোটি টাকার সাভারের গুরুত্বপূর্ণ জনগনের সম্পত্তি জালিয়াত চক্রকে দিয়ে দেন, এমনকি সাভারের স্থানীয় লোকদের সাক্ষী গ্রহণ না করে ভোটার তালিকায় তাদের নাম আছে কিনা তাও যাচাই না করে লুটেরা চক্রকে পাবলিক ট্রাষ্ট সম্পত্তি দিয়ে দেন যা গ্রহণযোগ্য হতে পারে না।

*প্রতারনা সবকিছুকে নস্যাৎ করে (Fraud vitiates everything)। অত্র মোকদ্দমায় আবেদনকারীদ্বয় আদালতে অপরিচ্ছন্ন হাতে এসেছেন।*

*স্বীকৃত মতেই নালিশী সম্পত্তির সি. এস. মালিক রমনী মোহন রায় এবং আর. এস. খতিয়ানে মালিকের নামের নীচে হাল সাং ভারত পক্ষে বাংলাদেশ সরকার লেখা আছে।*

১নং আবেদনকারী পি, ডাব্লিউ- ১ হিসেবে সাক্ষ্যে বলেছেন যে, নালিশী জমি তার দাদা ক্ষেত্র মোহন সাহা পোদ্দার সি. এস. মালিক রমনী মোহন রায় হতে বন্দোবস্ত নিয়েছিল এবং তিনি উক্ত বন্দোবস্ত সংক্রান্ত কাগজপত্র আদালতে দাখিল করেছেন। নথিতে একটি বন্দোবস্ত দলিলের সীল-স্বাক্ষরবিহীন অস্পষ্ট ফটোকপি আছে। যেটি খালি চোখে দেখলে বুঝা যায় এটি অতি সম্প্রতি তৈরী করা জাল কাগজ। অর্থাৎ ১নং আবেদনকারী পি, ডাব্লিউ- ১ হিসেবে আদালতে দাড়িয়ে জাল কাগজ দাখিল করে আদালতের সাথে প্রতারনা করেছেন। জালিয়াতি ও প্রতারক আবেদনকারীদ্বয় জাতির শত্রু।

আবেদনকারীদ্বয় বীরেশ চন্দ্র সাহা পোদ্দারের সন্তান হলে তাদের বাবা মার সাথে তাদের পারিবারিক ছবি আদালতে দাখিল করতেন। বাবা-মার নামের ভোটার তালিকা উপস্থাপন করতেন। বাবা মা কবে মারা গিয়েছেন কোথায় তাদের দাহ করা হয়েছে বলতে পারতেন। তাদের অন্যান্য আত্মীয় স্বজন নাম, ঠিকানা বলতে পারতেন। সাবির্ক পর্যালোচনায় এটি দিবালোকের মত স্পস্ট যে, আবেদনকারীদ্বয় বীরেশ চন্দ্র সরকার পোদ্দারের সন্তান হিসেবে নিজেদের প্রমাণ করতে সম্পূর্ণ ব্যার্থ হয়েছেন।

সবচেয়ে বড় মিথ্যা কথা বীরেশ চন্দ্র পোদ্দারের তথাকথিত ছেলে বলে নিজেকে দাবী করে ১নং আবেদনকারী পি, ডাব্লিউ-১ হিসেবে আদালতে দাড়িয়ে তার সাক্ষ্যে বলেছেন, “সরকার কখনো নালিশী জমি ভোগ দখলে ছিল না, আমরা সব সময়ই দখলে ছিলাম।” কিন্তু সার্ভেয়ার, ভিপি শাখা, ঢাকা কর্তৃক বিগত ইংরেজী ০৭.০২.২০১১ তারিখে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ঢাকা বরাবরে দাখিলকৃত তদন্ত প্রতিবেদন (সংযুক্তি- এফ) এবং সহকারী কমিশনার (ভূমি) আমিন বাজার রাজস্ব সার্কেল, ঢাকা এর বিগত ০৩.০৬.২০১৪ তারিখের প্রতিবেদন (সংযুক্ত- জি-১) সম্পূর্ণ বিপরীত কথা বলে। গুরুত্বপূর্ণ বিধায় উভয় প্রতিবেদন নিম্নে অবিকল অনুলিখন হলোঃ-

*এনেক্সার- এফ*

*বরাবর*
*অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)*
*ঢাকা।*

*বিষয়ঃ তদন্ত প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।*

*সূত্রঃ স্মারক নং- জে: প্র: ঢা:/অর্পিত/০৩-০১-২০১০-৪৫(২) তারিখ: ২৯/০৯/১৪১৭ বাংলা ১২/০১/২০১১ ইং*

*সূত্রঃ ডিপি কেস মিস কেস নং- ০৩-০১/২০১০ মাওলানা ইউসুফ গং বনাম উপজেলা নির্বাহী অফিসার, সাভার ঢাকা।*

*উপযুক্ত বিষয়ে নির্দেশনার আলোকে গত ১০.০১.২০১১ ইং তারিখে সাভার থানাধীন গন্ধারীয়া মৌজার বিরোধীয় ভূমির উপর তদন্ত কার্য্য অনুষ্ঠিত করি। তদন্তকালীন সময়ে আবেদনকারী মাওলানা মোঃ ইউনুস ও সাভার থানা অসহায় পরিবার বহুমুখি সমবায় সমিতি লিঃ এর সম্পাদক মোঃ সিরাজুল ইসলাম এবং সাভার উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের পক্ষে সহকারী কমিশনার (ভূমি) সাবার অফিসের কানুনগো জনাব, আব্দুল বাতেন ও সার্ভেয়ার জনাব আসাদুজ্জামান ও শান্তি শৃংখলা রক্ষার্থে স্থানীয় পুলিশ ফোর্স সহ জনসাধারন সরে জমিনে উপস্থিত থাকেন।*

*(ক) সাভার থানার সি.এস/এস.এ ৩০, ৭২ ও ৭৮ দাগে মোট জমির পরিমান ১৫.৭৪ (এ) বাহার আর. এস দাগ নং- ৪৪, ৪৮, ৩১২, ও ৩১৩ দাগের যথাক্রমে ০৫৬+০.১৬+৩.১২+৩.১৩ = ১৫.৫৬ (এ:) কৃষি ম্যাপ পর্যালোচনা, পরীক্ষা-নিরীক্ষা করে উক্ত দাগসমূহে*

অবস্থানকারী মালিকের বাড়ীঘর মতে এবং চর্তুপাশে বাউন্ডারী ওয়ালকৃত দখলী প্লটের বাস্তব নমুনা অনুযায়ী স্ক্যালম্যাপ তৈরী করা হয় এবং উক্ত ম্যাপমতে বর্তমান দখলকারদের নামে তালিকা প্রনয়ন করা হয়। (যাহা অত্র প্রতিবেদনের সাথে প্রদর্শনী- ১ ও ২ আকারে চিহ্নিত)।

(খ) আলোচ্য ১৫.৭৪ এ (ভূমির মধ্যে আর. এস ২১২ ও ২১৩ দাগের লীজকৃত ও লীজ বহির্ভূত জমিতে ছড়ানো ছিটানো বিভিন্ন যায়গায় সমিতির সদস্যগণ বাড়ীঘর তৈরী, তথা পরিকল্পনার মাধ্যমে চলাচলের পথ ও তাদের ধর্মিয় কাজকর্ম ও আচার আচরণের জন্য একটি মসজিদ নির্মান করেছেন মর্মে দেখা যায়। বাকী জমি খালী পতিত অবস্থায় রয়েছে। এবং দখলকৃত ভূমির কিছু পরপরই অসহায় পরিবার পূর্ববাসন বহুমুখি সমবায় সমিতির সাইনবোর্ড লটকানো আছে মর্মে দেখা যায়।

(গ) আর. এস দাগের ০.৫৬ একর ভিটি ভূমিতে বেশ কিছু রেন্ডিগাছ রোপিত আছে যাহা বর্ণিত সমিতির কমিটগণ কর্তৃক অস্পষ্ট বলে তদন্তে প্রকাশ পায়। উক্ত পারের বয়স প্রায় ৮/১০ বৎসর হবে বলে অনুমান করা যায়। এবং আর. এস. ৪৮ দাগের ০.১৬ একর ভূমি নিচু/নিম্ন ভূমি বলে দেখা যায়। যা উক্ত সমিতির নিয়ন্ত্রনাধীন রয়েছে বলে তারা জানান।

(ঘ) মূল ভিপি ২৫৯/৭৫ এর নথির কাগজপত্র ও order sheets পরীক্ষা ও পত্যার্পন তালিকা পরীক্ষা করে দেখা যায় মূল এস. এ সরুপ মালিক ধীরেন্দ্র চন্দ্র সাহা পোদ্দার ১৯৬৫ সনের পূর্বে ভারতে চলে যাওয়ায় তৎকালীন মহকুমা প্রশাসক হইতে ১৩৮২ বাংলা সন হইতে তমিজ উদ্দিন গং দের নামে লিজ হয়। পরে তারা আর লিজ নবায়ন করেন নাই। বর্নিত ভূমি ১৫.৭৪ (এ:) ভি.পি পত্যার্পন তালিকার ১৭২নং ক্রমিকে তালিকা ভুক্ত রয়েছে। (তালিকা সংযুক্ত) প্রদর্শনী নাম্বার (৩) এবং আর এস রেকর্ডের ২২৬ নাম্বার খতিয়ানে ইহা ভিপি হিসাবে রেকর্ড হয়ে সরকারের অনুকূলে চুড়ান্ত প্রকাশনা পায়। (আর এস খতিয়ান সংযুক্ত প্রদর্শনী নাম্বার ৪)।

(ঙ) নথি পর্যালোচনায় দেখা যায় আবেদনকারী মাওলানা মোঃ ইউনুস বাস্তহারা সমাজ কল্যান সমিতি (সেবা সংঘ) কেন্দ্রিয় কার্যালয় ৪৪ক চিড়িয়াখানা রোড, মিরপুর, ঢাকা। গর্ভমেন্ট রেজিঃ নাম্বার ঢ-০১৬৩৬ নামে সমিতির রেজি: করান। স্থানীয় সদস্যগণ জানান যে, মাওলানা সাহেব আমাদেরকে জমি বরাদ্দ দেওয়ার নামে আমাদের নিকট থেকে বহু টাকা নিয়ে কয়েক বৎসর উধাও হয়ে যায় এবং নিরুদ্দেশ থাকে। আমরা অসহায় হয়ে পড়লে তৎপর সমিতির সদস্য জনাব সিরাজুল ইসলাম পরবর্তীতে ''সাভার থানা'' অসহায় পরিবার পূর্ণবাসন বহুমুখী সমিতির লিঃ নামে নতুন ভাবে আরেকটি সমিতে রেজি: করেন যার রেজি: নাম্বার- ৪৮/২০০০ ইং (তবে মাওলানা ইউনুস তার উধাও ও বিরুদ্দেশ থাকার কথা অস্বীকার করেন।)

(চ) পরবর্তী পর্বর বিভিন্ন সময় ও বিভিন্ন তারিখে ভূমি মন্ত্রণালয় হতে জনাব সিরাজুল ইসলামের নতুন ভাবে গঠিত ও রেজি:কৃত সমিতির তদবীরে সাভার থানা অসহায় পরিবার পূর্ণবাসন বহুমুখী সমবায় সমিতি লিঃ এর অনুকূলে ৪০০ (চারশত) সদস্যকে সমাহারে

"একসনা ভিত্তিক" একখানা বন্দোবস্ত/লিজ প্রদানের জন্য আদেশ করার মর্মে দাবী করে এ বিষয়ে একাধিক পত্র রয়েছে মর্মে দেখা যায়।

(ছ) মন্ত্রণালয়ের একাধিক পত্রের নির্দেশনায় মাওলানা মোঃ ইউনুসের সমিতির কার্যক্রম বলবত না থাকায় সমিতির সদস্যদের আস্থা অর্জনের জন্য মাওলানা মোঃ ইউনুস বাংলা ১৩৮৮-১৪১৬ পর্যন্ত ২৯ বৎসরের জন্য ১১,২০,০০০/- (এগার লক্ষ বিশ হাজার) টাকায় বর্ণিত ২৯৫/৭৫ ভিপি মোকদ্দমা ভুক্ত ভূমি হাতে ১০.০০ (দশ একর) ভূমি তার নামে সহকারী কমিশনার (ভূমি)র স্বাক্ষরিত বরাদ্দপত্র এবং তগমীলদার স্বাক্ষরিত ভিপি আদায় ডি.সি আর দাখিল করেন এবং জনাব আবুল বেপারী ৭.৫০ একর জমি ১৫০ জনের মধ্যে লিজ বরাদ্দ পত্র উপজেলা নির্বাহী অফিসার সাভার মহোদয়ের স্বাক্ষরিত পত্র দাখিল করেছেন মর্মে দেখা যায়। তবে এ বিষয়গুলো মূল নথির order sheets এ কোথায় লিপিবদ্ধ দেখা যায় না বিধায়, ইহা তৈরীকৃত ভুয়া বরাদ্দ পত্র বা ভুয়া ডি,সি আর মর্মে আখ্যায়িত করা যায়। তবে মাওলানা ইউনুস জনান যে, ইহা তাহার কর্তৃক দাখিলকৃত কাগজ পত্র নয়। (দাখিলকৃত বরাদ্দপত্র সি.সি আর প্রদর্শনী- নাম্বার- ৫,৬,৭) বিষয়টি উদঘাটন করে এ বিষয়ে প্রশাসনিক উদ্যোগে আইনগত ব্যবস্থা গ্রহন করা অপরিহার্য।

(জ) নালিশী সম্পত্তি সরকারী অর্পিত সম্পত্তি যাহা একসনা ভিত্তিক লীজের মাধ্যমে লীজ প্রদানের বিধান রয়েছে। তবে আবেদনকারী মাওলানা ইউনুস বা তত পরবর্তী সিরাজুল ইসলামের কথিত সমিতির বরাবরে লিজ প্রদানের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের কোন নির্দেশনা দেখা যায় না।

**(ঝ) সরকার হেফাজতীয় ভিপি তালিকা ভুক্ত সম্পত্তি এহেন ভুয়া সম্পত্তি কাগজ পত্রের মাধ্যমে যে কোন সময় বেহাত হওয়ার সম্ভাবনা রয়েছে। পাশেই একটি প্রাইভেট হাউজিং কোম্পানী গড়ে উঠেছে। যার নাম গান্ধারীয়া Osen Sity। এই ভিপি সম্পত্তির চতুরপার্শে তাদের সাইনবোর্ড লটকানো দেখা যায়। সরকারী ভিপি ১৫.৭৪ (এ:) ভূমি উক্ত হাউজিং এর পেটর মাঝখানে যে কোন সময় সরকারী সম্পত্তি উক্ত হাউজিং কোম্পানীর গ্রাশ করার বিষয়টি উড়িয়ে দেয়া যায় না।**

(ঞ) তদন্তে অনুমান করা যায় যে, বর্ণিত ভিপি দাগ সমূহের পার্শ্ববর্তী দাগের মালিকগন ভিপি দাগ সমুহের আংশিক ভূমি তাদের দাগের সাথে মিশ্রিত এফারকার করে নিয়েছেন অথবা দখলের পায়তারা করিতেছেন। তাই সরকারী সম্পত্তির সীমানা পিলার স্থাপন করা অতীব জরুরী বলে মনে করি, নতুবা অদুর ভবিষ্যতে অহেতুক অবৈধ দখলদারদের সাথে সরকারকে মামলা মোকদ্দমায় জড়িয়ে পড়তে হবে।

(ট) এমতাবস্থায় ১৫.৭৪ একর ভিপি ভূমির সীমানা পিলার স্থাপন করে সরকারী স্বার্থ বজায় রাখার লক্ষ্যে মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে সমহার সদস্যদের মাঝে "একসনা ভিত্তিক"

লীজ বরাদ্দ প্রদান করার জন্য উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার ভূমি সাভার মহোদয়দেরকে বলা যেতে পারে।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য যৌথ ভাবে প্রনয়নকৃত ম্যাপ, নামের তালিকা ও অন্যান্য কাগজ পত্র সহ অত্র প্রতিবেদন দাখিল করা হলো।

<u>সংযুক্ত কাগজপত্রঃ</u>
১। প্রণয়নকৃত স্কেল ম্যাপ ০১ কপি।
২। নামের তালিকা ০১ কপি।
৩। ভিপি প্রত্যর্পন তালিকা ০১ কপি।
৪। আর.এস খতিয়ান ০১ কপি।
৫। দাখিলকৃত ভূয়া অন্যান্য কাগজ পত্র ০৩ কপি।
মোট = ১০ কপি।

স্বাক্ষর/- অস্পষ্ট
০৭.০২.২০১১
মোহাম্মদ মহসীন পাটোয়ারী
সার্ভেয়ার
ভি.পি শাখা, ঢাকা।

স্বাক্ষর/- অস্পষ্ট
০৭.০২.২০১১
মোঃ আঃ আলীম
সার্ভেয়ার
ভি.পি শাখা, ঢাকা।

## <u>এনেক্সার- জি-১</u>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমিন বাজার রাজস্ব সার্কেল
আলমনগর, হেমায়েতপুর
সাভার, ঢাকা।

স্মারক- ৩১.৩০.২৬২৭.০০১.৪২.০০৬.১৪-৬৯ (সং) তারিখঃ ০৩.০৬.২০১৪ খ্রিঃ

বিষয়ঃ ভি. পি. কেস নং- ২৯৫/৭৫ এর বিষয়ে প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।

সূত্রঃ জেলা প্রশাসক, ঢাকা মহোদয় কার্যালয়ের অর্পিত সম্পত্তি শাখার স্বারক সংখ্যা ০৫.৪১.২৬০০.০২৬.৪৩.০০৩.১০.৯৮৫ তারিখ- ২০.০৫.২০১৪ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে সাভার উপজেলাধীন গান্ধারিয়া মৌজাস্থিত ভিপি কেস নং- ২৯৫/৭৫ এর ভূমির বিষয়ে নথি পর্যালোচনা করে অত্রাফিসের সার্ভেয়ার প্রতিবেদন দাখিল করেছেন। তার দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়

১। ঢাকা জেলার সাভার উপজেলাধীন গান্ধারিয়া মৌজার ২নং খতিয়ানের এস. এ ৩০নং দাগের ১৫.০২ একর, ৭২নং দাগের ০.১৬ একর, ৭৮নং দাগের ০.৫৬ একর মোট ১৫.৭৪ একর ভূমির মালিক বিরেশ চন্দ্র সাহা পোদ্দার ১৯৬৫ সনের পূর্বে অরক্ষিত অবস্থায় ফেলে রেখে ভারতে চলে যাওয়ায় ১৯৬৫ সনের ৩রা ডিসেম্বরের ১১৯৯নং বিজ্ঞপ্তি অনুসারে ও বাংলাদেশ সরকারের ০১.০২.১৯৭২ ইং তারিখের ৭৪ ই,পি ৪/৭২ নং স্মারক ও ২০.০১.১৯৭৫ তারিখের ৫২ এল নং স্মারক অনুযায়ী বর্ণিত সম্পত্তি অর্পিত ও অনাবাসিক সম্পত্তি হিসেবে ঘোষিত হয়েছে।

২। ১নং অনুচ্ছেদে বর্ণিত ভিপি সম্পত্তি ২৯৫/৭৫নং ভিপি কেসের মাধ্যমে ১। তজিম উদ্দিন ২। তমিজ উদ্দিন ৩। মতি মিয়া ৪। মলি মিয়া ৫। আঃ গফফার পিতা- মৃত আঃ জব্বার এর নামে বাংলা ১৩৮২ সন হতে ইজারা প্রদান করা হয়। উক্ত ইজারা গ্রহীতাগন যথারীতি ১৩৮৭ সন পর্যন্ত ইজারা নবায়ন করেন।

৩। উক্ত ইজারা গ্রহীতাগণ দীর্ঘদিন ইজারা নবায়ন না করার সুযোগে আঃ মান্নান গং বিভিন্ন আদালতে স্বত্বের মামলা রুজু করে সর্বশেষ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের ২৩৯০/০৬নং সিভিল রিভিশন মামলায় ০৫.০৮.২০০৯ ইং তারিখে সরকার পক্ষে রায় হয়। উক্ত রায়ের প্রেক্ষিতে এবং ভূমি মন্ত্রণালয়ের ১৯.০৫.২০০৯ ইং তারিখে ৩২৬নং ও জেলা প্রশাসক, ঢাকা মহোদয়ের ০২.০৭.২০০৯ ইং তারিখের ২০১১নং স্মারক পত্রের আদেশ মোতাবেক সাভার থানা অসহায় পরিবার পুর্নবাসন বহুমুখী সমবায় সমিতি লিঃ এর অনুকুলে উক্ত ১৫.৭৪ একর ভিপি জমির মধ্যে ১.০০ একর এবং সমিতির ৩৮ জন সদস্যের অনুকুলে ১.৯০ একর মোট ২.৯০ একর জমি বাংলা ১৩৮৮ হতে ১৪১৫ সন পর্যন্ত ইজারা প্রদান করা হয়।

৪। পরবর্তীতে উক্ত ইজারা আদেশের বিরুদ্ধে মাওলানা মোঃ ইউনুস বিজহ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ঢাকা আদালতে ০৩.০১.২০১০ ভিপি আপীল মামলা রুজু করলে বিজ্ঞ আদালত আপীল না-মঞ্জুর করেন এবং উক্ত আপীল মামলার নির্দেশনা মোতাবেক উক্ত ১৫.৭৪ একর জমির মধ্যে ১। সাভার থানা অসহায় পরিবার পুনর্বাসন বহুমুখী সমবায় সমিতি লিঃ এর পক্ষে রহিমা বেগম সভাপতি এর অনুকুলে ১.০০ একর ২। সাবার থানা অসহায় পরিবার পুর্নবাসন বহুকুখী সমবায় সমিতি লিঃ এর ৪২০ জস সদস্যের পক্ষে সভাপতি এর অনুকুলে ১২.৬০ একর এবং ৩। সাভার থানা অসহায় পরিবার জামে মসজিদ ও মাদ্রাসা এর পক্ষে সভাপতি এর অনুকুলে ০.২৪ একর এবং ৪। বিভিন্ন লোকের নামে ১.৯০ একর মোট ১৫.৭৪ একর জমি বকেয়াসহ বাংলা ১৪১৯ সন পর্যন্ত লীজ প্রদান করা হয় এবং উক্ত লীজিদের অনুকূলে সার্ভেয়ার এর মাধ্যমে সরেজমিনে দখল বুঝিয়ে দেওয়া হয়।

৫। বর্তমানে উক্ত ১৫.৭৪ একর জমির মধ্যে সাভার থানা অসহায় পরিবার পুর্নবাসন বহুমূখী সমবায় সমিতি এর পক্ষে সাবেক সভাপতি মিজানুর রহমান ও বর্তমান সভাপতি রহিমা বেগম এর অনুকূলে ১.০০ একর ২। সাভার থানা অসহায় পরিবার পূর্নবাসন বহুমুখী সমবায় সমিতি লিঃ এর ৪২০ জন সদস্যের পক্ষে সভাপতি রহিমা বেগমের এর অনুকূলে ১২.৬০ একর এবং ৩। সাভার থানা অসহায় পরিবার জামে মসজিদ ও মাদ্রাসা এর পক্ষে সভাপতি রহিমা বেগম এর অনুকুলে ০.২৪ একর সর্বমোট ১৩.৮৪ একর সর্বমোট ১৩.৮৪ একর জমি বাংলা ১৪২০ সন পর্যন্ত নবায়ন করা হয়েছে।

৬। বর্ণিত ভূমির বিষয়ে বিজ্ঞ জেলা জজ আদালতের অন্যান্য মোকদ্দমা নং- ০১/০৮ এর ২৩.০৭.২০১৩ ইং তারিখের রায়ের প্রেক্ষিতে ১ম পক্ষ সাভার থানা অসহায় পরিবার পূর্নবাসন বহুমুখী সমবায় সমিতি লিঃ এর বৈধ সভাপতি ও সাধারন সম্পাদক দাবী করে ২য় পক্ষের নামীয় লীজ বাতিল/স্থগিতের আবেদন করেন। অন্যদিকে ২য় পক্ষের দাখিলকৃত মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের সিভিল রিভিশন নং- ৩৫৪২/১৩তে মহামান্য হাইকোর্ট ০৬.১০.২০১৩ ইং তারিখের বিজ্ঞ জেলা জজ আদালতের ০১/০৮ নং অন্যান্য মোকদ্দমায় ২৩.০৭.২০১৩ ইং তারিখের প্রদত্ত রায় ৪ (চার) মাসের জন্য স্থগিতাদেশ প্রদান করেন। পরবর্তীতে বিজ্ঞ মহামান্য হাইকোর্টের রায়ের ৪ (চার) মাসের জন্য স্থগিতাদেশ সময় বর্ধিত করে ২৭.০১.২০১৪ ইং তারিখে ০৬ (ছয়) মাসের স্থগিতাদেশ প্রদান করেন। ন্যায়

*বিচারের স্বার্থে এবং মহামান্য হাইকোর্টের রায়ের প্রতি সম্মান প্রদর্শন পূর্বক ১ম পক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনের কার্যক্রম আগাম ০৬ (ছয়) মাস পর্যন্ত স্থগিত করা হয়। সিভিল রিভিশন নং- ৩৫৪২/১৩ এর নির্দেশনার প্রেক্ষিতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।*

*সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র প্রতিবেদন এতদসঙ্গে প্রেরণ করা হল।*

*সংযুক্তঃ বর্ণনা মোতাবেক ০৩ ফর্দ্দ।*

*স্বাক্ষর/- অস্পষ্ট*
*০৩.০৬.১৪*
*মোঃ শামছুল আরিফ*
*সহকারী কমিশনার (ভূমি)*
*আমিনবাজার রাজস্ব সার্কেল, ঢাকা।*

*সিনিয়র সহকারী কমিশনার*
*অর্পিত সম্পত্তি শাখা*
*জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।*

নথি পর্যালোচনায় এটা কাঁচের মত স্পষ্ট যে, ঢাকা জেলার সাভার উপজেলাধীন গান্ধারিয়া মৌজার ২নং খতিয়ানের এস. এ ৩০নং দাগের ১৫.০২ একর, ৭২নং দাগের ০.১৬ একর, ৭৮নং দাগের ০.৫৬ একর মোট ১৫.৭৪ একর ভূমির মালিক বিরেশ চন্দ্র সাহা পোদ্দার ১৯৬৫ সনের পূর্বে অরক্ষিত অবস্থায় ফেলে রেখে ভারতে চলে যাওয়ায় ১৯৬৫ সনের ৩রা ডিসেম্বরের ১১৯৯নং বিজ্ঞপ্তি অনুসারে ও বাংলাদেশ সরকারের ০১.০২.১৯৭২ ইং তারিখের ৭৪ ই,পি ৪/৭২ নং স্মারক ও ২০.০১.১৯৭৫ তারিখের ৫২ এল নং স্মারক অনুযায়ী বর্ণিত সম্পত্তি অর্পিত ও অনাবাসিক সম্পত্তি হিসেবে ঘোষিত হয়েছে।

অপরদিকে, ভিপি শাখা, ঢাকার মোঃ মহসীন পাটোয়ারী এবং আলীম সার্ভেয়ারদ্বয় কর্তৃক প্রদত্ত বিগত ইংরেজী ০৭.০২.২০১১ তারিখের প্রতিবেদন মোতাবেক সাভার থানার সি.এস/এস.এ ৩০, ৭২ ও ৭৮ দাগে মোট জমির পরিমান ১৫.৭৪ (এ) বাহার আর. এস দাগ নং- ৪৪, ৪৮, ৩১২, ও ৩১৩ দাগের যথাক্রমে ০৫৬+০.১৬+৩.১২+৩.১৩ = ১৫.৫৬ (এ:) কৃষি ম্যাপ পর্যালোচনা, পরীক্ষা-নিরীক্ষা করে উক্ত দাগসমূহে অবস্থানকারী মালিকের বাড়ীঘর মতে এবং চর্তুপাশে বাউন্ডারী ওয়ালকৃত দখলী প্লটের বাস্তব নমুনা অনুযায়ী স্ক্যালম্যাপ তৈরী করা হয় এবং উক্ত ম্যাপমতে বর্তমান দখলকারদের নামে তালিকা প্রনয়ন করা হয়। (যাহা উক্ত প্রতিবেদনের সাথে প্রদর্শনী- ১ ও ২ আকারে চিহ্নিত)।

ভিপি শাখা, ঢাকার মোঃ মহসীন পাটোয়ারী এবং আলীম সার্ভেয়ারদ্বয় কর্তৃক প্রদত্ত বিগত ইংরেজী ০৭.০২.২০১১ তারিখের তদন্ত প্রতিবেদনে আশংকা করা হয়েছিল এই বলে যে,

> *"(ঋ) সরকার হেফাজতীয় ভিপি তালিকা ভুক্ত সম্পত্তি এহেন ভূয়া সম্পত্তি কাগজ পত্রের যে কোন সময় বেহাত হওয়ার সম্ভাবনা রয়েছে। পাশেই একটি প্রাইভেট হাউজিং কোম্পানী গড়ে উঠেছে। যার নাম গান্ধারীয়া* ***Osen Sity****। এই ভিপি সম্পত্তির চতুরপার্শে তাদের সাইনবোর্ড লটকানো দেখা যায়। সরকারী ভিপি ১৫.৭৪ (এ:) ভূমি উক্ত হাউজিং এর পেটর মাঝখানে যে কোন সময় সরকারী সম্পত্তি উক্ত হাউজিং কোম্পানীর গ্রাশ করার বিষয়টি উড়িয়ে দেয়া যায় না।"*

*মজার ব্যাপার হলো এই যে, সার্ভেয়ারদ্বয়ের উপরিল্লিখিত আশংকা বাস্তবে পরিণত হতে বেশী সময় লাগেনি। উপরিল্লিখিত প্রতিবেদন প্রকাশ হয়েছিল ০৭.০২.২০১১ সালে এবং এর এক বছর পর তথা ২০১২ সালে পাকিস্তানী হায়নাদের মতো একই কায়দায় তাদের এদেশীয় দোসর প্রচন্ড ক্ষমতাশালী এক অশুভ চক্র জনগনের কয়েক হাজার কোটি টাকার মূল্যবান সম্পত্তিটি লুট করার জন্য বীরেন্দ্র চন্দ্র সাহা পোদ্দারের দুইজন ছেলে জালিয়াতির মাধ্যমে তৈরী করে, কিছু জাল কাগজ পত্র সৃজন করে তাদের দিয়ে আলোচ্য অর্পিত সম্পত্তি মোকদ্দমা নং- ৪৭৯/২০১২ বিগত ইংরেজী ৩০.০৭.২০১২ তারিখে ঢাকার জেলা জজ এবং অর্পিত সম্পত্তি ট্রাইব্যুনালে দাখিল করে। তারপর সবকিছুই ইতিহাস। বাংলাদেশের জনগন অবাক হয়ে দেখলো জনগণের সম্পত্তি কিভাবে পাকি হানাদারদের প্রেত্মাত্তারা সরকারী অফিস-আদালতের কর্মকর্তা কর্মচারীদের সহযোগীতায় লুট করলো।*

*কয়েক হাজার কোটি টাকার সাভার উপজেলাধীন গান্ধারীয়া মৌজার জনগনের সম্পত্তি পাকিস্তানী হানাদার বাহিনীর প্রেত্মাত্তারা আবেদনকারীদ্বয়দের দিয়ে জাল কাগজ সৃষ্টি করে অর্পিত সম্পত্তি ট্রাইব্যুনাল দায়ের করেছে এটি দিনের আলোর মত স্পষ্ট।*

*উপরিল্লিখিত সার্বিক পর্যালোচনা এবং আলোচনায় আমাদের দ্বিধাহীন মতামত হল  আপীল আদালত তথা অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ ট্রাইব্যুনাল এবং জেলা জজ, ঢাকা কর্তৃক অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ ট্রাইব্যুনাল আপীল মোকদ্দমা নং ২০/২০১৭ এ প্রদত্ত বিগত ইংরেজী ০২.১১.২০১৭ তারিখের রায় ও আদেশটি একটি অযৌক্তি রায় ও আদেশ। যা কোন ভাবেই গ্রহণযোগ্য হতে পারে না।*

সার্বিক পর্যালোচনায় এবং সকল কাগজপত্র বিচার বিশ্লষণে অত্র রুলটি মঞ্জুরযোগ্য। আপীল আদালত তথা অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ ট্রাইব্যুনাল এবং জেলা জজ, ঢাকা কর্তৃক অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ ট্রাইব্যুনাল আপীল মোকদ্দমা নং- ২০/২০১৭ এ প্রদত্ত বিগত ইংরেজী ০২.১১.২০১৭ তারিখের রায় সম্পূর্ণ বাতিল যোগ্য।

অতএব, আদেশ হয় আদালতের সাথে প্রতারণার জন্য অত্র ২নং প্রতিপক্ষকে ১,০০,০০০,০০/- (এক কোটি) টাকা জরিমানা করে রুলটি চূড়ান্ত করা হলো।

আদেশ হয় যে, আপীল আদালত তথা অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ ট্রাইব্যুনাল এবং জেলা জজ, ঢাকা কর্তৃক অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ ট্রাইব্যুনাল আপীল মোকদ্দমা নং ২০/২০১৭ এ প্রদত্ত বিগত ইংরেজী ০২.১১.২০১৭ তারিখের রায় ও ডিক্রি (ডিক্রি স্বাক্ষরের তারিখ ০৯.১১.২০১৭) এতদ্দ্বারা বাতিল করা হলো।

অত্র মোকদ্দমার নালিশী হাজার কোটি টাকার সম্পত্তি পুনরায় যেন কোন জালিয়াত চক্র, প্রতারক চক্র দখল করতে না পারে তৎপ্রেক্ষিতে

নালিশী সম্পত্তিটি পুনরায় জাল দলিল সৃজন করে গ্রাস করার প্রচেষ্টা প্রতিহত করতে মূল মালিক "ক্ষেত্রমোহন" এর নামে নালিশা সম্পত্তিতে সাভার অঞ্চলের শিশু-কিশোরদের জন্য একটি শিশু পার্ক নির্মানের জন্য জেলা প্রশাসক, ঢাকাকে নির্দেশ প্রদান করা হলো। জেলা প্রশাসক, ঢাকা-কে উক্ত "ক্ষেত্রমোহন সাভার শিশু পার্ক" এর অভিভাবক নিযুক্ত করা হলো।

*অত্র রায় ও আদেশের অনুলিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে জেলা প্রশাসক, ঢাকাকে দ্রুত পাঠানো হউক।*

অত্র দরখাস্তকারী, *'সাভার থানা অসহায় পরিবার পুনর্বাসন বহুমুখী সমবায় সমিতি লিঃ'* কে আমরা অসংখ্য ধন্যবাদ জানাচ্ছি। সাভার থানা অসহায় পরিবার পুনর্বাসন বহুমুখী সমবায় সমিতি লিঃ এর অসাধারণ সংগ্রাম ও প্রচেষ্টার কারণে রাষ্ট্র তথা জনগনের হাজার হাজার কোটি টাকার সম্পত্তি রক্ষা হল।

*অত্র মোকদ্দমাটি বিচার বিভাগের জন্য অতীব গুরুত্বপূর্ণ মোকদ্দমা। অত্র মোকদ্দমা পঠনের মাধ্যমে বাংলাদেশের বিচার বিভাগের প্রতিটি সদস্য তাদের পরবর্তী বিচারিক জীবন সফল ভাবে এবং জনগনের আস্থা অর্জনের মাধ্যমে পরিচালনা করতে সক্ষম হবে। সে লক্ষ্যে অত্র রায় ও আদেশের অবিকল অনুলিপি বাংলাদেশের সকল অধস্তন আদালতের বিজ্ঞ বিচারকগণকে ই-মেইলে পাঠানোর জন্য বাংলাদেশের রেজিস্ট্রার জেনারেলকে নির্দেশ প্রদান করা হলো।*

*অত্র রায় ও আদেশের সই মহুরী নকল মাননীয় আইন মন্ত্রী এবং মাননীয় ভূমি মন্ত্রীকে অবহিত করার জন্য দ্রুত পাঠানো হউক।*

*অত্র রায়ের একটি অনুলিপি সরাসরি মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনার বিশেষ মনোযোগ আকর্ষনের জন্য প্রেরণ করা হউক, যাতে তিনি ব্যক্তিগত উদ্যোগে অত্র নালিশী অর্পিত সম্পত্তি সহ লক্ষ লক্ষ কোটি টাকার রাষ্ট্র তথা জনগনের সম্পত্তি পাকিস্থানী হানাদার বাহিনী এবং তাহাদের এদেশীয় দোসরদের মত লুটেরা বাহিনীর হাত হতে রক্ষা করতে যথাযথ উদ্যোগ নিতে পারেন। অত্র রায়ের সই মহুরী অনুলিপি অতিসত্বর বই আকারে বাধাই করে রেজিস্ট্রার জেনারেল স্ব-শরীরের উপস্থিত হয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট পেশ করবেন।*

*অত্র মোকদ্দমার সকল নথি পত্র বিচার বিভাগের জন্য এবং জাতীর জন্য খুবই গুরুত্বপূর্ণ এবং স্পর্শকাতর বিবেচনায় অত্র মোকদ্দমার যাবতীয় নথি সাধারণ ভাবে রক্ষিত না রেখে বাংলাদেশের রেজিস্ট্রার জেনারেলের বিশেষ জিম্মায় রাখার নির্দেশ প্রদান করা হলো। অত্র মোকদ্দমার সকল নথির বিষয়ে বাংলাদেশের রেজিস্ট্রার জেনারেল জিম্মাদার হিসেবে থাকবেন।*

*অত্র রায় ও আদেশের অনুলিপিসহ সংশ্লিষ্ট নথির ফটোকপি জেলা জজ আদালত, ঢাকায় দ্রুত প্রেরণ করা হউক।*

<u>বিচারপতি রাজিক-আল-জলিল</u>

আমি একমত